# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 05, 1430 Bangla, March 19, 2024, Tuesday, No. 79, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says, BNP and its allies want the restoration of the caretaker government system not for the election, but to push the country back into darkness. (VOA: 12)

AL GS says, nobody has the courage to erase name of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. Bangabandhu is our lighthouse & the lighthouse will show us the path forever. (R. Today: 19)

State Minister for Information and Broadcasting Mohammad Ali Arafat says, it will be ensured that journalists are not subjected to any kind of harassment while seeking information. (R. Today: 19)

BNP's standing committee member Abdul Moyeen Khan alleges, it is clear from the reports of IRI and EU that Awami League came to power with the help of friends. (R. Today: 19)

HC has cancelled an order of Labour Appellate Tribunal that suspended conviction & sentencing of Nobel Laureate Dr Muhammad Yunus & 3 other top officials of Grameen Telecom in a labour law violation case. (BBC : 04)

Place of a conflict bet$^{n}$ Myanmar forces & Arakan Army has moved away from BD border line. At least 179 junta forces entered into BD and more than 200 have been trying to enter BD for last few days. (BBC: 03)

Bangladeshi ship MV Abdullah has been held hostage by Somali pirates for a week. The ship is carrying thousands of metric tons of coal. Because of this, experts fear that the ship may explode at any time. (VOA: 11)

As enough fish is being produced in country, why are traders importing fish from India? - it is feared that fish farmers may also face losses if Indian & Myanmar fish are available in market at low prices. (BBC: 05)

Many expatriates from BD staying in Middle East are trying to migrate to Western countries including Europe with dream of a better life. Most of them are victims of fraud and losing everything. (R. Tehran: 12)

In 2 city corporations of Dhaka, budget for killing mosquitoes is TK 153 crore. DNCC has also used drones to kill mosquitoes. Even then, density of Culex mosquitoes has doubled in last 4 months. (DW: 13)

Although govt. has a lot of expectations about the universal pension scheme in BD, interest of the citizens is not seen. Only 27 thousand customers have opened accounts in about six & a half months. (DW: 15)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ০৫, বাংলা ১৪৩০, মার্চ ১৯, ২০২৪, মঙ্গলবার, নং-৭৯, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি ও তার মিত্ররা নির্বাচনের জন্য নয়, বরং দেশকে আবার অন্ধকারের দিকে ঠেলে দিতে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল চায়। (ভোয়াঃ ১২)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেছেন, বঙ্গবন্ধুর নাম এ বাংলার মাটি থেকে মুছে ফেলার সাধ্য কারও নেই। উত্তাল সমুদ্রে অমানিশায় তিনি আমাদের বিশ্বাসের বাতিঘর। এই বাতিঘর চিরদিন আমাদের চলার পথ দেখাবে। (রে. টুডেঃ ১৯)

তথ্য ও প্রতিমন্ত্রী মো. আলী আরাফাত বলেছেন, সাংবাদিকরা যাতে তথ্য চাইতে গিয়ে কোনো ধরনের হয়রানির শিকার না হন সেটা নিশ্চিত করা হবে। (রে. টুডেঃ ১৯)

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডক্টর আব্দুল মঈন খান বলেছেন বন্ধুরাষ্ট্রের সহায়তায় যে আওয়ামী লীগ ক্ষমতায় এসেছে আইআরআই ও ইইউ-এর প্রতিবেদনে তা স্পষ্ট। (রে. টুডেঃ ১৯)

শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে করা মামলায় নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসসহ গ্রামীণ টেলিকমের ৪ কর্মকর্তার ৬ মাসের সাজা ও দণ্ড স্থগিত করে শ্রম আপিল ট্রাইব্যুনালের দেয়া আদেশ বাতিল ঘোষণা করেছে হাইকোর্ট। (বিবিসিঃ ০৪)

বাংলাদেশ সীমান্তরেখা থেকে সরে গেছে মিয়ানমারের জান্তা নিয়ন্ত্রিত বাহিনী ও বিদ্রোহী আরাকান আর্মির মধ্যকার সংঘাতের স্থল। তবুও জান্তা বাহিনীর অন্তত ১৭৯ জন সদস্য গত সপ্তাহে পালিয়ে বাংলাদেশে এসেছেন। এমন আরও দুই শতাধিক সদস্য কয়েকদিন ধরে বাংলাদেশে অনুপ্রবেশের চেষ্টা করছেন বলে জানা গেছে। (বিবিসি : ০৩)

সোমালি জলদস্যুদের হাতে এক সপ্তাহ ধরে জিম্মি হয়ে আছে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ। জাহাজটিতে রয়েছে হাজার হাজার মেট্রিক টন কয়লা। এজন্য জাহাজটি যেকোনো সময় বিস্ফোরণের আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। (ভোয়াঃ ১১)

যেখানে দেশেই যথেষ্ট মাছ উৎপাদন হচ্ছে, সেখানে ব্যবসায়ীরা ভারত থেকে কেন মাছ আমদানি করছেন? বাজারে কম দামে ভারতীয় এবং মিয়ানমারের মাছ সহজলভ্য হলে বাংলাদেশের মাছ চাষিরাও ক্ষতির মুখে পড়তে পারেন। (বিবিসি : ০৫)

উন্নত জীবনের স্বপ্নে মধ্যপ্রাচ্যে অবস্থানরত বাংলাদেশের অনেক প্রবাসী ইউরোপ সহ পশ্চিমা দেশগুলোতে পাড়ি জমানার চেষ্টা করছেন। পাশ্চাত্য দেশগুলোতে অভিবাসী হওয়ার চেষ্টা করতে গিয়ে তাদের অধিকাংশই প্রতারণার শিকার হচ্ছেন। এমনকি সর্বস্ব হারাচ্ছেন। (রে. তেহরান : ১২)

ঢাকার দুই সিটি করপোরেশনে চলতি অর্থবছরে মশা মারার বাজেট ১৫৩ কোটি টাকা। মশা মারতে ড্রোনের ব্যবহারও করেছে ডিএনসিসি। তারপরও মশার দাপট কমছে না। উল্টো গত ৪ মাসে কিউলেক্স মশার ঘনত্ব দ্বিগুণ হয়েছে। (ডয়চে ভেলেঃ ১৩)

বাংলাদেশে সর্বজনীন পেনশন স্কিম নিয়ে সরকারের অনেক প্রত্যাশা থাকলেও নাগরিকদের আগ্রহ দেখা যাচ্ছে না তেমন। প্রায় সাড়ে ছয় মাসে ২৭ হাজার গ্রাহক হিসাব খুলেছেন। (ডয়চে ভেলেঃ ১৫)

# বিবিসি

## বাংলাদেশে ঢোকার চেষ্টায় মিয়ানমার সীমান্তে আরও দুই শতাধিক জান্তা সদস্য

বাংলাদেশ সীমান্তরেখা থেকে সরে গেছে মিয়ানমারের জান্তা নিয়ন্ত্রিত বাহিনী ও বিদ্রোহী আরাকান আর্মির মধ্যকার সংঘাতের স্থল। তবুও জান্তা বাহিনীর অন্তত ১৭৯ জন সদস্য গত সপ্তাহে পালিয়ে বাংলাদেশে এসেছেন। এমন আরও দুই শতাধিক সদস্য কয়েকদিন ধরে বাংলাদেশে অনুপ্রবেশের চেষ্টা করছেন বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন স্থানীয় সাংবাদিক ও জনপ্রতিনিধিরা। যদিও উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ জাকারিয়া বলেছেন, এমন কোনও তথ্য তার জানা নেই। ফেব্রুয়ারিতে সীমান্ত চৌকিগুলোতে আরাকান আর্মির অভিযানের তীব্রতায় টিকতে না পেরে বাংলাদেশ পালিয়ে এসেছিলেন মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ বা বিজিপি-র সদস্যরা। পরে অবশ্য তাদের সবাইকে ফেরত পাঠানো হয়। সীমান্তের অপর পাশে দুই পক্ষের সংঘাতে কাছাকাছি থাকা বাংলাদেশের গ্রামগুলোতেও হতাহতের ঘটনা ঘটে। সেবার ঘটনার কেন্দ্রস্থল ছিল ঘুমধুম সীমান্ত। এবারে নাইক্ষ্যংছড়ি সদর ইউনিয়ন হয়ে অনুপ্রবেশের ঘটনা ঘটেছে। গত সপ্তাহে আসা ১৭৯ জন বর্তমানে বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি-র হেফাজতে রয়েছেন। তাদের রাখা হয়েছে বর্ডার গার্ড সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। রোববার যারা অনুপ্রবেশের চেষ্টা করেছিলেন বলে জানা যাচ্ছে বিজিবি-র কঠোর প্রহরার কারণে তারা আর পেরে ওঠেননি। নাইক্ষ্যংছড়ি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. নুরুল আবসার বিবিসি বাংলাকে বলেন, "বেশ কয়েকদিন পর গতকাল গোলাগুলির শব্দ শোনা গিয়েছিল। কিছু লোক আসার চেষ্টা করছিল, কিন্তু আসতে পারে নাই। কারণ, বিজিবি পাহারায় ছিল।„ এবার দুই দফায় আসেন এই ১৭৯ জন। মি. আবসার জানান, প্রথম দফায় আসেন ২৯ জন, দ্বিতীয় দফায় ১৫০ জন। সাংবাদিক মি. আহমেদের তথ্য অনুযায়ী এদের মধ্যে দু,জন দোভাষীও রয়েছেন। প্রথমে সীমান্তের শূন্য রেখায় একটি চা বাগানে আশ্রয় নিয়েছিলেন মিয়ানমারের এই নাগরিকরা। নুরুল আবসার জানান, সেখানে গিয়ে বিজিবি সদস্যরা তাদের নিরস্ত্র করেন। আহতদের প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। পরবর্তীতে তাদের নিয়ে আসা হয় বর্ডার গার্ড প্রাথমিক বিদ্যালয়ে।

মিয়ানমার থেকে পালিয়ে আসাদের নিরাপত্তা, খাবার ও আশ্রয়ের ব্যবস্থা বিজিবি-র তরফেই করা হচ্ছে। গত দোসরা ফেব্রুয়ারি থেকে নাইক্ষ্যংছড়ির ঘুমধুম সীমান্তের ওপারে আরাকান আর্মির সঙ্গে মিয়ানমারের বিজিপির সংঘর্ষ শুরু হয়। জান্তা বাহিনীর দখলে থাকা সীমান্ত চৌকিগুলোর নিয়ন্ত্রণ নেয় বিদ্রোহীরা। এর জেরে ৪ঠা থেকে ৭ই ফেব্রুয়ারি পর্যন্ত বাংলাদেশে পালিয়ে আসেন বিজিপি-র ৩০২জন সদস্যসহ মোট ৩৩০ জন। বিজিবি-র ৩৪ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মোহাম্মদ সাইফুল ইসলাম চৌধুরী বিবিসি বাংলাকে জানান, "ফেব্রুয়ারির পর আর ওই সীমান্ত দিয়ে কোনও বিজিপি সদস্য প্রবেশ করেননি।" রাখাইন রাজ্যের অভ্যন্তরে পরিস্থিতি অস্থিতিশীল বলে এখন দু,দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে আনুষ্ঠানিক যোগাযোগও নেই। সপ্তাহ দুয়েক হল গোলাগুলির শব্দ শোনা যায়নি জানিয়ে ঘুমধুম ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আজিজ বলেন, গত কয়েকদিন তারা দূরে সংঘর্ষের আওয়াজ পাচ্ছেন। "সংঘাত চলছে মংডু শহরের কাছাকাছি। বাংলাদেশ সীমান্ত থেকে খানিকটা দূরে অবস্থিত এই শহরতলি", বলছিলেন তিনি। মিয়ানমারের পত্রিকা ইরাবতীর ৭ই ফেব্রুয়ারির এক খবরে বলা হয়, মাস খানেক ধরে হামলা চালানোর পর গত ৬ই ফেব্রুয়ারি জাতিগত রাখাইন সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মি রাজ্যটির মিনবিয়া শহরাঞ্চলে থাকা দুটি জান্তা সামরিক ইউনিটের সদর দপ্তর দখল করে নিয়েছে। একই দিনে বাংলাদেশের সাথে সীমান্তে মংডু শহরাঞ্চলের টং পিও টহল চৌকিও দখল করে নিয়েছে আরাকান আর্মি। এছাড়া মঙ্গলবার পর্যন্ত রাখাইনের উত্তরাঞ্চলে ম্রাউক-ইউ, কায়াকদো, মিনবিয়া, রামরি, আন এবং মাইবন এলাকায় সংঘর্ষ চলেছে। সিতওয়েতে একসময় বাংলাদেশের মিশন প্রধান হিসেবে দায়িত্ব পালন করা অবসরপ্রাপ্ত মেজর এমদাদুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "রাখাইনে সেনাবাহিনীর মূল শক্তি কিন্তু ভেতরে তাদের ক্যাম্পগুলোকে ঘিরে। বর্ডারে তাদের উপস্থিতি নেই। ফলে ওইসব ক্যাম্প বা সেনাঘাঁটির দিকে সংঘাত বিস্তৃত হয়েছে। সীমান্ত নিরাপত্তার দায়িত্বে থাকা বিজিপি সেনা সদস্যদের মতো প্রশিক্ষিত বা অস্ত্রে সজ্জিত নয়। তাই অপেক্ষাকৃত সহজে তাদের অবস্থান থেকে বিতাড়িত করা সম্ভব হয়েছে„, যোগ করেন মি. ইসলাম।

এদিকে, বান্দরবান সীমান্তের কোনও চৌকিই আর বিজিপির নিয়ন্ত্রণে নেই বলে ধারণা নাইক্ষ্যংছড়ির ইউপি চেয়ারম্যান নুরুল আবসারের। উপজেলার চার ইউনিয়ন নাইক্ষ্যংছড়ি, ঘুমধুম, দোছড়ি ও সোনাইছড়ির অপর পাশে সব ক্যাম্পই আরাকান আর্মির দখলে বলে জানাচ্ছেন তিনি। বিপরীত পাশের সীমান্তরেখায় মিয়ানমারের রাষ্ট্রীয় বাহিনীর অনুপস্থিতির কথা বলেন ৩৪ বিজিবি-র অধিনায়কও। ফেব্রুয়ারির তুলনায় আশ্রয়প্রার্থীদের স্রোত কমেছে উল্লেখযোগ্য হারে। যেটি তাদের উপস্থিতি ও যুদ্ধে অবস্থান হারানোর ব্যাপারে ধারণা দেয়। মেজর (অব.) এমদাদ বিবিসি বাংলাকে বলেন, জান্তা হয়তো তাদের সেনা ছাউনি সরিয়ে নিয়েছে। যে কারণে সামরিক উপস্থিতি কমে থাকতে পারে। তিনি আরও বলেন, "অতীতের ঘটনাবলি থেকে বর্ডার গার্ড পুলিশ শিক্ষা নিয়েছে বলে মনে হচ্ছে। এতে তাদের ওপর হামলা কমেছে। তাদের আশ্রয় চাওয়ার হারও কমেছে।„ বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যকার সীমান্তের দৈর্ঘ্য ২৭১ কিলোমিটার। রাখাইনে গৃহযুদ্ধের প্রভাবে বাংলাদেশে রোহিঙ্গা অনুপ্রবেশের চেষ্টাও দেখা যায়। কিন্তু কোনও ভাবেই যেন মিয়ানমার

থেকে বাংলাদেশে আর কেউ ঢুকতে করতে না পারে সেজন্য কঠোর অবস্থান নেয় বাংলাদেশ। সেজন্য সীমান্তে সার্বক্ষণিক নজরদারির সঙ্গে অতিরিক্ত কড়াকড়ি এবং বাড়তি সতর্কতা নেওয়া হয়েছে। সীমান্তের একটা বড় অংশে বিভাজক রেখা হিসেবে কাজ করেছে নাফ নদ। দুই দেশের সীমানা নির্ধারণকারী নাফ নদে সতর্ক অবস্থান নিয়েছে দুই বাহিনী বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি এবং কোস্ট গার্ড। যৌথভাবে নাফ সীমান্ত পাহারা দিচ্ছেন তারা। স্থলভাগেও অতিরিক্ত বিজিবি সদস্য মোতায়েন করতে দেখা গেছে। সব মিলিয়ে যে ধারণা পাওয়া গেছে তা হলো, দক্ষিণপূর্ব সীমান্তে বিজিবি ও কোস্ট গার্ডের জনবল অন্তত দ্বিগুণ করা হয়েছে। রাখাইনের ভৌগোলিক অবস্থান আঞ্চলিক ভূরাজনীতির বিচারে বেশ গুরুত্বপূর্ণ। বিশেষ করে দুই শক্তিধর দেশ চীন ও ভারতের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্প সেখানে চলমান। আরাকান আর্মি গত ১৬ জানুয়ারি পালেতোয়া শহরের দখল নেয়। পাহাড় ঘেরা এই শহরটিতে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলোর সঙ্গে যোগাযোগ ব্যবস্থা নির্মাণের প্রকল্প চলমান। এমদাদুল ইসলাম বলেন, আরাকান আর্মি 'টার্গেট করে ভূরাজনৈতিক কোনো উদ্দেশ্য হাসিলের জন্যই' এই অঞ্চলে তাদের আধিপত্য বাড়াচ্ছে। ফেব্রুয়ারিতে বড় ধরনের অনুপ্রবেশের পর আগতদের মিয়ানমারে ফেরত পাঠাতে জোর কূটনৈতিক তৎপরতা শুরু করে বাংলাদেশ। পালিয়ে আসা বিজিপি সদস্য-সহ মিয়ানমারের নাগরিকদের নিজ দেশে ফেরত পাঠানোর বিষয়ে দুই দেশের মধ্যে আলোচনা চলে কয়েকদিন। মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের নিরবচ্ছিন্ন যোগাযোগ বজায় রাখার কথা জানান পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। মিয়ানমারের পররাষ্ট্র প্রতিমন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রদূতের সঙ্গে যোগাযোগ করে জানান, তারা সীমান্তরক্ষী-সহ তাদের নাগরিকদের ফিরিয়ে নিয়ে যেতে চান। যাদের মধ্যে মিয়ানমারের বিজিপি, সেনা, ইমিগ্রেশন ও পুলিশের সদস্যরাও ছিলেন। এরই ধারাবাহিকতায় ১৫ ফেব্রুয়ারি দুই দফায় বাংলাদেশের একটি জাহাজে করে তাদের মিয়ানমারের জাহাজে তুলে দেয়া হয়। মিয়ানমারের নৌবাহিনীর জাহাজটি সিতওয়ে বন্দর দিয়ে বাংলাদেশের সীমানার কাছে আসে। সেটি গভীর সমুদ্রে নোঙ্গর করে রাখা হয়েছিল। বিজিবি-র কক্সবাজার রিজিয়নের সার্বিক তত্ত্বাবধানে বর্ডার গার্ড পুলিশ (বিজিপি)-এর কাছে হস্তান্তর করা হয় তাদের। এই হস্তান্তরের জন্যই মিয়ানমারের নৌ বাহিনীর একটি জাহাজ সিতওয়ে বন্দর দিয়ে বাংলাদেশের সীমানার কাছে আসে।
(বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৪ রিহাব)

## অধ্যাপক ইউনূসের সাজার রায় স্থগিতের আদেশ বাতিল করলো হাইকোর্ট

বাংলাদেশে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে করা মামলায় নোবেলজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসসহ গ্রামীণ টেলিকমের চার কর্মকর্তার ছয় মাসের সাজা ও দণ্ড স্থগিত করে শ্রম আপিল ট্রাইব্যুনালের দেয়া আদেশ বাতিল ঘোষণা করেছে হাইকোর্ট। সোমবার বিচারপতি নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কাজী এবাদত হোসাইনের বেঞ্চ এ রায় দেন। এ রায়ের ফলে শ্রম আপিল ট্রাইব্যুনালে আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অধ্যাপক ইউনূসের ছয় মাসের কনভিকশন অর্থাৎ দোষী সাব্যস্তকরন বহাল থাকবে। আদালত শ্রম আপিল ট্রাইব্যুনালে করা আপিল দ্রুত নিষ্পত্তি করতে আদেশ দিয়েছে। রায়ে আদালত বলেছে, যতক্ষণ অধ্যাপক ইউনূসসহ চারজন জামিনে রয়েছে, সাজা স্থগিত থাকবে। শ্রম আদালতের দেয়া জরিমানাও স্থগিত থাকবে। একইসাথে দেশের বাইরে গেলে অধ্যাপক ইউনূসসহ চারজনকে সংশ্লিষ্ট আদালতে অবহিত করতে হবে। গত ১লা জানুয়ারি গ্রামীণ টেলিকমে শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে চেয়ারম্যান অধ্যাপক ড. ইউনূসসহ চারজনকে ছয়মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয় ঢাকার তৃতীয় শ্রম আদালত। সেই সঙ্গে ৩০ হাজার টাকা করে অর্থদণ্ড করা হয়েছে। এ রায়ের বিরুদ্ধে শ্রম আপিল ট্রাইব্যুনালে ২৮শে জানুয়ারি আপিল করেন অধ্যাপক ইউনূসসহ চারজন। শ্রম আপিল ট্রাইব্যুনাল আপিল শুনানির জন্য গ্রহণ করে বিচারিক আদালতের দেয়া রায় ৩রা মার্চ পর্যন্ত স্থগিত করে। চারজনকে জামিন দেয় শ্রম আপিল ট্রাইব্যুনাল। এ মামলার অন্য তিন জন হলেন আশরাফুল হাসান, নূর-জাহান বেগম ও মো. শাহজাহান। পরে কলকারখানা পরিদর্শন অধিদপ্তর তৃতীয় শ্রম আদালতের দেয়া ছয় মাসের রায় ও আদেশ স্থগিত করে শ্রম আপিল ট্রাইব্যুনালের দেয়া আদেশের বৈধতা নিয়ে গত ৪ঠা ফেব্রুয়ারি হাইকোর্টে আরেকটি আবেদন করেন। এ আবেদনের শুনানি নিয়ে পরদিন শ্রম আপিল ট্রাইব্যুনালের আদেশ কেন বাতিল করা হবে না তা জানতে চেয়ে রুল দেয় হাইকোর্ট। এ রুল যথাযথ ঘোষণা করে সোমবার রায় দেয় হাইকোর্ট। এর আগে গত ১লা জানুয়ারি রায়ের পরে আদালতের বাইরে এক প্রতিক্রিয়ায় ড. মুহাম্মদ ইউনূস বলেন, ''যে দোষ আমরা করি নাই, সেই দোষের ওপরে শাস্তি পেলাম। এটা আমাদের কপালে ছিল, জাতির কপালে ছিল, আমরা সেটা বহন করলাম।''

শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে গ্রামীণ টেলিকমের চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে ২০২১ সালের নয়ই সেপ্টেম্বর মামলাটি করেছিল কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। এ মামলার অভিযোগের মধ্যে রয়েছে, অনিয়মের মাধ্যমে শ্রমিক কর্মচারীদের মধ্যে বণ্টনের জন্য সংরক্ষিত লভ্যাংশের পাঁচ শতাংশ না দেয়া এবং ১০১ জন শ্রমিকের চাকরি স্থায়ী না করা। এছাড়া গণছুটি না দেয়া, শ্রমিকদের কল্যাণ তহবিল এবং অংশগ্রহণ তহবিল গঠন না করাও এই মামলার অন্যতম অভিযোগ। কলকারখানা ও পরিদর্শন অধিদপ্তরের করা এ মামলায় অধ্যাপক ইউনূস ছাড়াও আরও তিনজনকে আসামি করা হয়েছে। মামলার অন্য অভিযুক্তরা হলেন গ্রামীণ টেলিকমের সাবেক ব্যবস্থাপনা

পরিচালক আশরাফুল হাসান, পরিচালক নূরজাহান বেগম এবং মো. শাহজাহান। এর আগে গত ৩রা মার্চ এ মামলায় অধ্যাপক মুহাম্মদ ইউনূসের জামিন আবেদনের শুনানি ঘিরে সারাদিনই আদালতে বিদেশি কূটনীতিকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৪ রিহাব)

## ঢাকার বাজারে ভারত থেকে কেন মাছ আমদানি করতে হচ্ছে?

বিশ্বে মাছ উৎপাদনে শীর্ষ দেশগুলোর একটি হচ্ছে বাংলাদেশ। সরকারের দাবি অনুযায়ী, দেশটি মাছে স্বয়ংসম্পূর্ণ। প্রতিবছর মাছ উৎপাদন হয় ৪৯ লাখ মেট্রিক টন; যেটি চাহিদার চেয়ে বেশি এবং প্রতিবছর উদ্বৃত্ত কিছু মাছ বিদেশেও রপ্তানি করা হয়। কিন্তু দেখা যাচ্ছে, দেশটি রুই-কাতলের মতো বিভিন্ন মাছ আমদানি করছে, বিশেষত ভারত থেকে। এই মাছগুলো বাংলাদেশেও চাষ হয় এবং খাওয়ার জন্য বেশ জনপ্রিয়। প্রশ্ন হচ্ছে, ভারতের মতো দেশগুলো থেকে কোন ধরনের মাছ, ঠিক কী পরিমাণে আসছে? আর যেখানে বাংলাদেশেই যথেষ্ট মাছ উৎপাদন হচ্ছে, সেখানে ব্যবসায়ীরা ভারত থেকেই বা কেন মাছ আমদানি করছেন? ঢাকার যাত্রাবাড়ি মাছ বাজার। ক্রেতা-বিক্রেতার প্রচণ্ড ভিড়। বাজারে মাছের বড় বড় আড়ত রয়েছে। যেখানে মূলত পাইকারি দরে মাছ বিক্রি করা হয়। বিভিন্ন ছোট ছোট বাজারের দোকানি কিংবা খুচরা ব্যবসায়ীরা এখান থেকে মাছ কিনে স্থানীয় বাজারে বিক্রি করে থাকেন। এই বাজারে একটু ঘুরতেই চোখে পড়বে ভিন্ন ধরনের কিছু মাছ। ভিন্ন ধরনের বলতে মাছগুলো আকারে বেশ বড় এবং পলিথিনে মোড়ানো। একেকটি মাছের ওজন হবে ১০ থেকে ১৫ কেজি। বোয়াল, রুই, কাতল, কালি বাউস, আইড়সহ বিভিন্ন ধরনের মাছ বরফে সাজানো। জিজ্ঞেস করতেই জানা গেলো এগুলো সব ভারতীয় মাছ। চুন্নু মৃধা নামে একজন জানালেন, বেনাপোল বন্দর দিয়ে এসব মাছ আমদানি করা হয়। "এগুলো সব ভারত থেকে আসে। সেজন্য পলিথিন দিয়ে মোড়ানো থাকে। বরফ দিয়ে ভালো করে প্যাকেট করা থাকে। এলসি খুলে বেনাপোল বন্দর দিয়ে আমরা নিয়ে আসি„ বলছিলেন চুন্নু মৃধা। ঢাকার যাত্রাবাড়ি এবং কারওয়ানবাজার থেকে খুচরা ব্যবসায়ীরা ভারতীয় এসব মাছ কিনে স্থানীয় বাজারে বিক্রি করেন। অনেকে এসব মাছ ফেরি করেও বিক্রি করেন বিভিন্ন পাড়া-মহল্লায়।

ভারত থেকে শুধু যে রুই-কাতলের মতো বড় মাছ আমদানি করা হয় তা নয়। এর সঙ্গে প্রচুর বাইম মাছ এমনকি ছোট জাতের কাঁচকি মাছও ভারত থেকে এনে বিক্রি হচ্ছে ঢাকার বাজারে। আসছে সামুদ্রিক মাছও। তবে ভারতের পাশাপাশি মিয়ানমার থেকেও কিছু মাছ আসে। এছাড়া মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশ থেকে আমদানি হয় মূলত সামুদ্রিক মাছ। সঞ্জীবন দাস নামে একজন বিক্রেতা জানাচ্ছেন, তাদের মাছ ভারত থেকেই বেশি আসে। এমনকি সামুদ্রিক মাছও আনা হয়। "ভারতের হায়দরাবাদ, উড়িষ্যা, অন্ধ্রপ্রদেশ থেকে মাছগুলো আনা হয়। ভারতের হাওর এবং বড় জলাশয়ের চাষের মাছ এগুলো। ভারতের মাছগুলো আকারে বড়। বাংলাদেশের মাছ এতো বড় হয় না। দুই থেকে তিন/চার কেজি। কিন্তু ভারতের মাছ দশ কেজি থেকে ১৫/১৬ কেজি সহজেই পাওয়া যায়।„ বাংলাদেশ বিশ্বের শীর্ষ মাছ উৎপাদনকারী দেশগুলোর অন্যতম। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার হিসেবে মাছ উৎপাদনে বিশ্বে বাংলাদেশের অবস্থান দশম। এরমধ্যে ইলিশ আহরণে বাংলাদেশ শীর্ষে, মুক্ত জলাশয়ের মাছ উৎপাদনে তৃতীয়। একইভাবে বদ্ধ জলাশয়ের মাছেও দেশটির অবস্থান তৃতীয়। আর সামুদ্রিক মৎস্য আহরণে বাংলাদেশের অবস্থান বিশ্বে ২৫তম। মৎস্য অধিদপ্তরের হিসেবে গেলো অর্থবছর অর্থাৎ ২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশে মাছ উৎপাদন হয়েছে ৪৯ লাখ মেট্রিক টন। চাহিদার চেয়েও বেশি হওয়ায় বাংলাদেশ থেকে সে বছর রপ্তানি হয়েছে প্রায় ৭০ হাজার মেট্রিক টন মাছ। কিন্তু আমদানি কত? মৎস্য অধিদপ্তরের হিসেবে ২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশে মাছ আমদানি হয়েছে ৫৭ হাজার মেট্রিক টন। এরমধ্যে শুধু বেনাপোল স্থলবন্দর দিয়ে ভারত থেকে আমদানি হয়েছে ২৪ হাজার মেট্রিক টন যা মোট আমদানিকৃত মাছের প্রায় অর্ধেক। বাকি মাছ এসেছে অন্যান্য দেশ থেকে।

এছাড়া অধিদপ্তরের হিসেবে ২০২১-২০২২ অর্থবছরে সার্বিক মাছ আমদানি হয়েছে এক লাখ মেট্রিক টনের বেশি। এর আগের তিন অর্থবছরেও মাছ আমদানি হয়েছে গড়ে ৭০ হাজার থেকে ৯০ লাখ মেট্রিক টন।

বাংলাদেশে আমদানি হয় মূলত সস্তা দামের মাছ। বিপরীতে রপ্তানি হয় চিংড়ি এবং ইলিশের মতো দামি মাছ। ফলে গেলো অর্থবছরে বাংলাদেশ ৭০ হাজার মেট্রিক টন মাছ রপ্তানি করে আয় করছে ৪৪ কোটি ডলার। এর বিপরীতে ৫৭ হাজার মেট্রিক টন মাছ আমদানি করে ডলার ব্যয় হয়েছে ৪ কোটি ডলার। অর্থাৎ রপ্তানি আয়ের তুলনায় মাছের আমদানি ব্যয় বেশ কম। কিন্তু প্রশ্ন হচ্ছে, পরিমাণে কম হলেও মাছের দেশে মাছ আমদানি কেন হচ্ছে? ব্যবসায়ীরা এক্ষেত্রে বলছেন, কম দামের কথা। যাত্রাবাড়িতে আব্দুল জলিল নামে এক ব্যবসায়ী বলছেন, দেশি মাছের দাম বেশি। কিন্তু ভারতের মাছের দাম কম। তিনি বলেন, "ইন্ডিয়ান মাছের রেট কেজিতে দুইশত থেকে তিনশত টাকা পর্যন্ত কম পাই আমরা। রুই, বোয়াল, কালি বাউস কিংবা সামুদ্রিক মাছ -সবগুলোতেই ইন্ডিয়ান মাছের দাম কম। এখানে দেশি আইড় মাছ কেজিতে দেড় হাজার বা তারও বেশি দাম। কিন্তু ভারতেরটা মাত্র পাঁচশত টাকা কেজি।„ তার মতে, ভারতে মাছ চাষের জায়গা বেশি, চাষও হয় বেশি। ফলে দাম কম। কিন্তু বাংলাদেশে জায়গা কম হওয়ায় মাছ চাষে খরচ বেশি। ফলে মাছের দামও বেশি। দাম কম হওয়ায় `গরীব মানুষেরা এসব মাছ কিনে খেতে পারে, বলে মন্তব্য করেন তিনি। ব্যবসায়ীরা বলছেন, ভারতীয় এবং বার্মিজ মাছ দেশে আসায় দেশি মাছের দামটাও `একটু নাগালের

মধ্যে থাকে।, ঢাকায় একবার ভারতীয় মাছ পৌঁছানোর পর এসব মাছ ছড়িয়ে পড়ে বিভিন্ন বাজারে। কিন্তু তখন রুই-কাতল-বোয়ালের মতো মাছগুলো যে ভারত কিংবা মিয়ানমার থেকে আনা সেটা আর বোঝার উপায় থাকে না। অনেক ক্রেতাও বিদেশ থেকে বিশেষ করে ভারত থেকে আসা মাছ চিনতে পারেন না। সাধারণভাবে বিদেশি সামুদ্রিক মাছ আলাদা করে চেনা বেশ কঠিন। তবে বিক্রেতারা বলছেন রুই, বোয়াল, কাতল, আইড়সহ এ ধরনের মাছগুলো খালি চোখে চেনা সম্ভব। খালেক মণ্ডল নামে একজন বিক্রেতা জানাচ্ছেন, দেশি মাছের রং সাধারণত উজ্জ্বল থাকে। তিনি বলেন, ”দেশি মাছের কালার একটু লালচে হয়, উজ্জ্বল হয়। মাছটাও টাটকা থাকে। তুলনায় ইন্ডিয়ান বা বিদেশি মাছ টাটকা হয় না। এটার গায়ের রং কালো হয়। মাছটা বরফে থাকে, দুই/তিন দিন সময় লাগে আসতে সেজন্য এর কালারটা একটু ডিসকালার হয়ে যায়।„

এছাড়া আরেকজন বিক্রেতা জানালেন, বোয়াল মাছের ক্ষেত্রে বাংলাদেশেরটা একটু হলুদ রঙের হয়। আর ভারতেরটা হয় সাদা, ফ্যাকাশে। পরিমাণে কম হলেও, বাংলাদেশের ব্যবসায়ীরা যে বিদেশ থেকে মাছ আমদানি করছেন, মুক্ত বাজার অর্থনীতির কারণেই সেটা অবশ্য সরকারের পক্ষে একেবারে নিষিদ্ধ করে দেয়া সম্ভব নয়। এর আগে বাণিজ্য মন্ত্রণালয় থেকে এমন বক্তব্যই দেয়া হয়েছে বিভিন্ন সময়। এছাড়া ভারতের মতো দেশে বাংলাদেশ নিজেও মাছ রপ্তানি করে থাকে। তবে মাছ আমদানির ক্ষেত্রে একজন ব্যবসায়ীকে আলাদা করে মৎস্য অধিদপ্তরের অনাপত্তি পত্র নিতে হয়। এছাড়া মাছ আমদানিতে শুল্কও ধরা হয়েছে উচ্চহারে। কিন্তু এরপরও প্রশ্ন থেকে যায়, যে-সব মাছ আসছে, সেগুলোর মান যাচাই কতটা করা হয়? জানতে চাইলে মৎস্য অধিদপ্তর অবশ্য বলছে, আমদানি পর্যায়ে মান যাচাইয়ের পরই বাংলাদেশে প্রবেশ করে এসব মাছ। মৎস্য অধিদপ্তরের মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ বিভাগের সিনিয়র সহকারী পরিচালক মো. সিরাজুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, মান যাচাই ছাড়া মাছ আমদানির সুযোগ নেই। ”প্রথমত, যে দেশ থেকে মাছ আসছে, সে দেশের অনুমোদিত কর্তৃপক্ষ থেকে প্রতিটি চালানের বিপরীতে হেলথ সার্টিফিকেট দেখাতে হয়। এছাড়া বন্দরে আসার পর মাছের যে বাহ্যিক গুণাগুণ, পচা কি না বা অন্য কোনো সমস্যা আছে কি না, সেগুলো পরীক্ষা করে দেখা হয়। এর সঙ্গে ফরমালিন টেস্ট, হেভি মেটাল আছে কি না সেটি নির্ণয়ের জন্যও টেস্ট করে। তবেই বাংলাদেশে ঢোকার অনুমতি দেয়া হয়,„ বলছিলেন সিরাজুল ইসলাম। বাংলাদেশে একসময় নদীর মাছের বাড়তি দামের কারণে মানুষের প্রোটিনের চাহিদা পূরণ করেছে মূলত চাষের মাছ। দেশের ভেতরে মাছ চাষ বৃদ্ধি এবং এগুলো দামে সস্তা হওয়ায় তা সম্ভব হয়েছে। কিন্তু এখন বাজারে আরও কম দামে ভারতীয় এবং মিয়ানমারের মাছ সহজলভ্য হলে এর চাহিদা যেমন বাড়বে তেমনি বাংলাদেশের মাছ চাষিরাও ক্ষতির মুখে পড়তে পারেন এমন আশঙ্কাও আছে। তবে বাংলাদেশে চাহিদার তুলনায় মাছের উৎপাদন বেশি এবং সে তুলনায় আমদানি এখনও কম -স্বস্তির জায়গা আপাতত এটাই, এমনটিই মনে করছেন সংশ্লিষ্টরা।

(বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৪ রিহাব)

## ফেনীর ইসলামিক স্থাপনা নিয়ে এত আলোচনার কারণ কী?

ফেনীতে উদ্বোধন হওয়া একটি ̀ইসলামিক স্থাপনা, নিয়ে সামাজিক মাধ্যমে চলছে ব্যাপক আলোচনা। ফেনী শহরকে ̀আধুনিক ও দৃষ্টিনন্দন, করার উদ্যোগের একটি অংশ হিসেবে এই স্থাপনা নির্মাণ করা হয়েছে বলে বিবিসিকে জানান পৌর মেয়র নজরুল ইসলাম স্বপন মিয়াজী। এমনকি সারাবিশ্বের কোথাও এমন স্থাপনা তৈরি হয়নি বলেও তিনি দাবি করেন। এই স্থাপনাটি নিয়ে সামাজিক মাধ্যমে ব্যাপক আগ্রহ দেখা গেছে। অনেকেই সেটির ছবি শেয়ার করছেন। কিন্তু জেলা শহরের একটি স্থাপনা নিয়ে সামাজিক মাধ্যমে এতটা আগ্রহ কেন তৈরি হয়েছে? পৌরসভার অর্থায়নে ফেনী শহরের ট্রাংক রোড ও মিজান রোডের সংযোগস্থলে নির্মাণ করা স্থাপনাটির নাম দেয়া হয়েছে ̀শান্তি চত্বর,। রোববার সন্ধ্যায় শহরের মূল সড়কে স্থাপনাটির উদ্‌বোধন করেন ফেনী-২ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন হাজারী। এ সময় তিনি বলেন, ''পবিত্র রমজান মাসে আমরা আল্লাহর ৯৯টি নামের সাত হাজার লাইটবিশিষ্ট এই জিনিসটির শুভ উদ্বোধন করতে পেরেছি। পৃথিবীর কোথাও এই ধরনের চত্বর হয় নাই। এই প্রথম ফেনীতে এটা হয়েছে।„ তবে তার এই দাবি সম্পর্কে নিশ্চিত হতে পারেনি বিবিসি। এটি আসলে দুই রোডের সংযোগস্থলে নির্মিত স্থাপনাটি মূলত চারকানো আকৃতির একটি স্তম্ভ। তার ওপরে আছে ছয়কোণা আকৃতির পাটাতন, আর এই পাটাতনের ওপর বসানো হয়েছে চারটি এলইডি স্ক্রিন। ওপরে বসানো স্ক্রিনসহ স্থাপনাটির মোট উচ্চতা ৩২ ফুট। এর মধ্যে কেবল স্ক্রিনের উচ্চতাই ১২ ফুট। এই স্ক্রিনে কেবল মক্কা ও মদিনার বিভিন্ন চ্যানেলের ওয়াজ প্রচার করা হবে বলে জানান পৌর মেয়র। এছাড়া কোনো ধরনের বিজ্ঞাপন বা জাতীয় অনুষ্ঠান প্রচার করা হবে না বলেও জানান তিনি। আর চত্বরের সার্বিক তত্ত্বাবধানে এর পাশেই নির্মাণ করা হয়েছে একটি নিয়ন্ত্রণ কক্ষ। তবে এই স্থাপনাটির বিশেষত্ব হচ্ছে এতে খোদাই করা আল্লাহর ৯৯টি নাম ও স্তম্ভটিতে বসানো সাত হাজার এলইডি লাইট। স্থাপনাটির পুরোটা জুড়ে আল্লাহর সব নাম লেখা রয়েছে। এছাড়াও স্তম্ভের দেয়ালে বড় করে আরবিতে লেখা আছে ̀আল্লাহু, এবং ̀মোহাম্মদ,। এ নিয়ে পৌরসভা মেয়র নজরুল ইসলাম বলেন, ”হয়তবা অন্য আঙ্গিকে করেছে বা আরও দামিও

থাকতে পারে। কিন্তু সাত হাজার এলইডি লাইটসহ আল্লাহর সব নাম নিয়ে এমন কোনো ভাস্কর্য আর কোথাও নির্মাণ হয়নি„।

প্রায় এক বছর আগে নিজেই নবনির্মিত স্থাপনাটি তৈরির পরিকল্পনা করেন বলে বিবিসিকে জানান পৌর মেয়র নজরুল ইসলাম স্বপন মিয়াজী। নিজেই এর নকশাও করেন বলে জানান তিনি। ”এটার ডিজাইনটা আমিই চয়েজ করছি। তারপর একজন আর্কিটেক্ট সেই অনুযায়ী এটা করে দিয়েছে„, বলেন মেয়র। তিনি বলেন, পৌরসভার অর্থায়নে পাঁচ থেকে ছয় মাস আগে শান্তি চত্বরের নির্মাণ কাজ শুরু হয়, যার উদ্‌বোধন করা হয় রোববার সন্ধ্যায়। স্থাপনাটি নির্মাণে প্রায় এক কোটি টাকা খরচ হয়েছে বলে জানান মেয়র। যে সড়কটিতে শান্তি চত্বর নির্মাণ করা হয়েছে, সেখানে আছে একটি আলিয়া মাদ্রাসা ও ঈদগাহ ময়দান। `মিজান ময়দান, নামের এই ঈদগাহ ময়দানে ওয়াজ মহফিল থেকে শুরু করে আন্তর্জাতিক কেরাত সম্মেলনও আয়োজন করা হয়। সবমিলিয়ে এক ধরনের ধর্মীয় আবহ থাকার কারণেই `চত্বর, বানানোর জন্য স্থানটিকে বেছে নেয়ার কথা বিবিসিকে জানান পৌর মেয়র। `আশপাশে মিজান ময়দান, সেখানে বড় মহফিল, ওয়াজ, কেরাত, সম্মেলন হয়। কিন্তু এই জায়গা অন্ধকার থাকে। এখানে যদি ধর্মীয় একটা ভাস্কর্য করতে পারি তাহলে সুন্দর হয়, বলেন তিনি। তবে এর আগেও এখানে একটি স্থাপনা ছিল। ছয় কোণা আকৃতির সেই স্থাপনাটিতেও আরবিতে `আল্লাহু, ও `মোহাম্মদ, লেখা ছিল। তবে সেটি আকারে ছিল বেশ ছোটো। শান্তি চত্বর বানানোর প্রায় আট মাস আগে একটি প্রতিষ্ঠান নিজ উদ্যোগে সেই স্থাপনাটি বানিয়েছিল বলে বিবিসিকে জানান মেয়র মিয়াজী। প্রায় চার থেকে পাঁচ মাস স্থাপনাটি ওই জায়গায় ছিল। তবে সেই স্থাপনা `দৃষ্টিনন্দন ছিল না, এবং যেভাবে চেয়েছিলেন সেভাবে নির্মাণ হয়নি বলেও বিবিসিকে জানান তিনি। ইসলামের মূলনীতির সঙ্গে ভাস্কর্যের সাংঘর্ষিকতার বিষয়টি নিয়ে বাংলাদেশে বেশ লম্বা সময় ধরেই আলোচনা-সমালোচনা চলমান। এর আগে ২০২০ সালে বাংলাদেশের প্রতিষ্ঠাতা শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য নিয়ে আপত্তি ও বিরোধিতার মুখে ঢাকার ধোলাইপাড়ে `মুজিব ভাস্কর্য, স্থাপনের কাজ স্থগিত করা হয়। সেসময় ভাস্কর্যটি স্থাপন নিয়ে হেফাজতে ইসলাম ও সরকারি দলের পাল্টাপাল্টি অবস্থানের কারণে উত্তেজনা সৃষ্টি হয়। ওই বছর ডিসেম্বর মাসে ভাস্কর্যটি উদ্‌বোধনের প্রস্তুতি নেয়া হয়েছিল। একই বছর চীন থেকে ভাস্কর্যটি নির্মাণ করে বাংলাদেশে আনা হয়। পরবর্তী সময়েও ভাস্কর্যটি স্থাপনের চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে দীর্ঘসূত্রিতা এবং গোপনীয়তা দেখা গেছে। সুপ্রিম কোর্ট চত্বরে একটি নারী ভাস্কর্যের বিরুদ্ধেও আন্দোলন করেছে ইসলামপন্থীরা। তবে ইসলামিক এই ভাস্কর্য স্থাপন ধর্মের সঙ্গে সাংঘর্ষিক নয় বলেই দাবি পৌর মেয়রের। তিনি বলেন, ”ভাস্কর্যকটি উদ্‌বোধনের সময় আলেম-ওলামারা উপস্থিত ছিলেন। এটি সাংঘর্ষিক হলে তারা আমাকে প্রশ্ন করতো বা কেউ আসতো না। কিন্তু এখানে সবাই আমাকে ধন্যবাদ দিয়েছে, আমার জন্য দোয়া করছে। সবাই খুশি যে এটা করা হয়েছে„। ”ইসলামের সঙ্গে সাংঘর্ষিক হলে আমিতো এটা করব না। ধর্মরে ছোটো করে কিছু করব না, সেটা যার ধর্মই হোক„, বলেন এই পৌর মেয়র। (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### রাজকন্যা ভিক্টোরিয়ার সঙ্গে শেখ হাসিনার বৈঠকে রোহিঙ্গাদের জন্য তহবিল সংগ্রহ নিয়ে আলোচনা

রোহিঙ্গা জনগোষ্ঠীর সহায়তায়, বৃহত্তর পরিসরে আন্তর্জাতিক তহবিল সংগ্রহের উদ্যোগ নিতে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার (১৮ মার্চ) রাজধানী ঢাকার একটি হোটেলে, ইউএনডিপির শুভেচ্ছা দূত ও সুইডেনের রাজকন্যা ভিক্টোরিয়ার সঙ্গে বৈঠকে এ আহবান জানান শেখ হাসিনা। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার নজরুল ইসলাম এ বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেন। নজরুল ইসলাম জানান, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ মানবিক কারণে মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছে। তাদের জন্য অনেক সুযোগ-সুবিধা নিশ্চিত করে ভাসানচরে উন্নত আবাসনের ব্যবস্থা করেছে। এখন ভাসানচরে এক লাখ রোহিঙ্গা বসবাস করতে পারে। ভাসানচরে আরো রোহিঙ্গা নাগরিককে স্থানান্তরে ইউএনডিপি,র সহায়তা কামনা করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। চার দিনের সফরে সোমবার ঢাকায় পৌঁছান ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়া। এ সফরের অংশ হিসেবে তিনি কক্সবাজার ও ভাসানচরে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়ার বৈঠকে, জলবায়ু পরিবর্তন-সহ দ্বিপক্ষীয় ও বহুপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে জানান নজরুল ইসলাম। প্রিন্সেস ভিক্টোরিয়া বলেন, সুইডেন ও বাংলাদেশের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক আরো গভীর করার বিশাল সুযোগ রয়েছে। দু'দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে আশাবাদ ব্যক্ত করেন তিনি। সুইডেনের ব্যবসায়ীদের বাংলাদেশে বিশেষ অর্থনৈতিক অঞ্চল-সহ বিভিন্ন খাতে বিনিয়োগের আহ্বান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ”বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের ভয়াবহ শিকার। কার্বন নিঃসরণে বাংলাদেশের অবদান নগণ্য হলেও, আমাদের দেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।„ বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের কারণে বন্যা ও ঘূর্ণিঝড়ের মতো বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের সম্মুখীন হচ্ছে বলে উল্লেখ করেন শেখ হাসিনা। স্থানীয় জলবায়ু অভিযোজন ও প্রশমন কর্মসূচি সম্পর্কে শেখ হাসিনা বলেন, স্থানীয় জনগোষ্ঠী এবং তাদের জীবন-জীবিকার সুরক্ষার জন্য বাংলাদেশ জলবায়ু ট্রাস্ট তহবিল গঠন

করেছে। প্রধানমন্ত্রী জানান, তার সরকারের প্রধান লক্ষ্য হচ্ছে দারিদ্র্য বিমোচন। ইতোমধ্যে দারিদ্র্যের হার ৪১ শতাংশ থেকে ১৮ দশমিক ৭ শতাংশে এবং চরম দারিদ্র্যের হার ২৫ দশমিক ১ শতাংশ থেকে ৫ দশমিক ৬ শতাংশে নামিয়ে আনতে সক্ষম হয়েছে তার সরকার। "বাংলাদেশে কোনো গৃহহীন মানুষ যাতে না থাকে, সেজন্য সরকার সারাদেশে গৃহহীনদের বিনামূল্যে ঘূর্ণিঝড় প্রতিরোধী ঘর করে দিচ্ছে;„ শেখ হাসিনা আরো বলেন। শেখ হাসিনা ১৯৬৯ সালে তার প্রথম সুইডেন সফরের কথা স্মরণ করেন, যখন তার স্বামী সেখানে পড়াশোনার জন্য অবস্থান করছিলেন।

(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## খালেদা জিয়ার সাজা স্থগিত রাখার মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত মঙ্গলবার : আনিসুল হক

বাংলাদেশের আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন যে, খালেদা জিয়ার সাজা স্থগিত রাখার মেয়াদ বৃদ্ধি ও বিদেশে চিকিৎসার নির্দেশনা চেয়ে করা আবেদনের বিষয়ে সিদ্ধান্ত জানা যাবে মঙ্গলবার (১৯ মার্চ)। সোমবার (১৮ মার্চ) নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান। আনিসুল হক বলেন, "আবেদনে তারা আগের মতোই খালেদা জিয়ার স্থায়ী মুক্তি চেয়েছেন। তাকে বিদেশে পাঠানোর অনুমতি চাওয়া হয়েছে। আজ (১৮ মার্চ) ফাইল হাতে পেয়েছি। তারা (খালেদা জিয়ার পরিবার) কী অনুরোধ করেছে, তা যাচাই-বাছাই করে শিগগিরই এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। আগামীকালের (১৯ মার্চ) মধ্যে তা হয়ে যাবে ইনশাআল্লাহ।„"একটা বিষয় বুঝতে পারছি না। ফৌজদারি কার্যবিধির ৪০১ ধারায় তাকে মুক্তি দেয়া হয়েছে বলে আমি বহুবার ব্যাখ্যা করেছি। এর বাইরে আমাদের কিছু করার নেই। তারপরও প্রতিবারই দেখেছি তারা প্রথমে যেভাবে আবেদন করেছিলো সেভাবেই আবেদন করছে;„ বলেন আনিসুল হক। বাংলাদেশের আইনমন্ত্রী আরো বলেন, খালেদা জিয়ার বিদেশ যেতে যাওয়ার বিষয়ে সিদ্ধান্তে কোনো পরিবর্তন হবে না, এটা স্পষ্ট জানিয়ে দেয়া হয়েছে। "তার মানে তিনি বিদেশে যেতে পারবেন না। আমরা বিদেশ থেকে আসা চিকিৎসকদের তার চিকিৎসার অনুমতি দিয়েছি;„ আনিসুল হক যোগ করেন। সরকার প্রধানের ইচ্ছায় খালেদা জিয়া বিদেশ যেতে পারেন কি না, এমন প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, "প্রধানমন্ত্রী আইনের বাইরে গিয়ে মানবিকতা দেখাতে পারেন না।„ তিনি আরো বলেন, "প্রধানমন্ত্রী সবার আগে মানবতা দেখিয়েছেন। মানবিক কারণে তার সাজা স্থগিত রাখার মেয়াদ বাড়ানো হচ্ছে।„ রবিবার (১৭ মার্চ) বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার সাজা স্থগিত রাখার মেয়াদ আরো একবার বাড়ানো এবং উন্নত চিকিৎসার জন্য তাকে বিদেশে নেয়ার অনুমতি চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে আবেদন করে তার পরিবার। খালেদা জিয়ার জীবন ঝুঁকিতে রয়েছে দাবি করে, তার ছোট ভাই শামীম ইস্কান্দার এই আবেদন করেন। এর আগে, ২০২৩ সালের ১৮ সেপ্টেম্বর শর্তসাপেক্ষে খালেদা জিয়ার সাজা স্থগিত রাখার মেয়াদ ছয় মাস বাড়িয়েছিলো সরকার। এ নিয়ে তার সাজার মেয়াদ আট বার বাড়ানো হলো। করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের মধ্যে, সরকার ২০২০ সালের ২৫ মার্চ খালেদা জিয়া গুলশানের বাসায় অবস্থান করবেন এবং দেশত্যাগ করবেন না, এই শর্তে তার সাজা স্থগিত করে। পরে, নির্বাহী আদেশের মাধ্যমে তাকে সাময়িক মুক্তি দেয়া হয়। এরপর থেকে পরিবারের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রতি ছয় মাস পর তার মুক্তির মেয়াদ বাড়ানো হয়। গত ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় খালেদা জিয়াকে পাঁচ বছরের কারাদণ্ড দেন বিচারিক আদালত। পরে সেই বছরই আরেকটি দুর্নীতির মামলায় দোষী সাব্যস্ত হন তিনি। আটাত্তর বছর বয়সী সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া দীর্ঘদিন ধরে লিভার সিরোসিস, আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি, ফুসফুস, হার্ট, চোখের সমস্যাসহ নানা রোগে ভুগছেন। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## ইইউর বাজারে জিএসপি সহায়তা অব্যাহত রাখতে আয়ারল্যান্ডের সহায়তা চেয়েছে বাংলাদেশ

উন্নয়নশীল দেশে উত্তরণের সময়, ২০২৯ সালের পরিবর্তে ২০৩২ সাল পর্যন্ত ইইউর বাজারে অগ্রাধিকারমূলক ব্যবসায়িক সুবিধা (জিএসপি) পাওয়ার বিষয়ে, বাংলাদেশের প্রচেষ্টায় আয়ারল্যান্ডের সমর্থন প্রত্যাশা করেছেন দেশটির প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার (১৮ মার্চ) গণভবনে আয়ারল্যান্ডের শিল্প, বাণিজ্য ও কর্মসংস্থান বিষয়ক মন্ত্রী সাইমন কোভেনির নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে। এ সময় বাংলাদেশের প্রধানমন্ত্রী এ সমর্থন চান। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার নজরুল ইসলাম এ বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন। নজরুল ইসলাম জানান যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, "আয়ারল্যান্ড বহু দিন থেকে বাংলাদেশের ঘনিষ্ঠ বন্ধু ও অংশীদার।„ ইইউ সদস্য আয়ারল্যান্ড সব সময় বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের পাশে থাকে বলে উল্লেখ করেন শেখ হাসিনা। ইইউ প্ল্যাটফর্মে বাংলাদেশের আগ্রহের বিষয়ে বাংলাদেশকে সমর্থন দিতে আয়ারল্যান্ডের প্রতি অনুরোধ জানিয়েছেন শেখ হাসিনা; সাংবাদিকদের বলেন নজরুল ইসলাম। নজরুল ইসলাম আরো জানান, ইইউ যাতে বাংলাদেশের জন্য ব্যবসায়িক সুবিধা, বিশেষ করে জিএসপি সুবিধা ২০৩২ সাল পর্যন্ত বাড়ায়, সে বিষয়ে আয়ারল্যান্ডের সমর্থন কামনা করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। বাংলাদেশের বিশেষ অর্থনৈতিক অঞ্চল ও হাইটেক পার্কে বিনিয়োগ করতে আয়ারল্যান্ডের ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান শেখ হাসিনা। এশীয় ভোক্তাদের জন্য বাংলাদেশ সম্ভাবনাময় বড় বিপণন হাব উল্লেখ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আয়ারল্যান্ডের উদ্যোক্তাদের জন্য আইসিটি, ওষুধ ও কৃষিভিত্তিক শিল্পের মতো বিভিন্ন সম্ভাবনাময় খাতে

বিনিয়োগের প্রচুর সুযোগ রয়েছে। শ্রমিক ইস্যুতে শেখ হাসিনা বলেন, বাংলাদেশের শ্রমনীতি নিয়ে অসৎ উদ্দেশ্যে ভুল তথ্য ছড়ানো হচ্ছে। শেখ হাসিনা আরো বলেন, ”ইইউভুক্ত দেশগুলো যদি সরাসরি বাংলাদেশ সরকারের সঙ্গে যোগাযোগ করে, তবে, এ বিষয়ে কোনো ভুল বোঝাবুঝির অবকাশ থাকবে না;„ জানান নজরুল ইসলাম। আয়ারল্যান্ডের মন্ত্রী বলেন, আয়ারল্যান্ড ও বাংলাদেশের মধ্যে দ্বিপক্ষীয় সম্পর্ক আরো জোরদার করতেই তিনি বাংলাদেশে এসেছেন। ঢাকায় আয়ারল্যান্ডের প্রথম অনারারি কনস্যুলেট আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করতে তিনি এখানে এসেছেন উল্লেখ করে কোভেনি বলেন, ”এই কার্যালয় দু'দেশের জনগণের মধ্যে যোগাযোগ ও বাণিজ্যিক সম্পর্ক জোরদারে সহায়তা করবে। কোভেনি বলেন, আয়ারল্যান্ড বাংলাদেশের প্রযুক্তি খাতে কারিগরি এবং খাদ্য শিল্পে (কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্প) সহায়তা দিতে চায়। তিনি বলেন, বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে আয়ারল্যান্ড জাতিসংঘ ও ইইউ ফোরামে সহযোগিতা অব্যাহত রাখবে। উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশি শিক্ষার্থী বর্তমানে আয়ারল্যান্ডে পড়াশোনা করছে বলে উল্লেখ করেন সাইমন কোভেনি। তার দেশ বাংলাদেশ থেকে আরো বেশি সংখ্যক শিক্ষার্থী নেবে বলে তিনি আশ্বাস। রোহিঙ্গা ইস্যুতে আয়ারল্যান্ডের মন্ত্রী বলেন, এ বিষয়ে আয়ারল্যান্ডের সহযোগিতা অব্যাহত থাকবে। তবে তিনি রোহিঙ্গা শরণার্থী শিবিরের নিরাপত্তা জোরদার করা, তাদের আয়বর্ধক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা এবং বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য স্থায়ী এবং আরো উন্নত আবাসনের ব্যবস্থা করার পরামর্শ দেন। জবাবে বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, রোহিঙ্গা ক্যাম্পে পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা সদস্য মোতায়েন রয়েছে। এরপরও সেখানে মাঝে মাঝে হত্যাকাণ্ড ও অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ড ঘটছে। কারণ তারা কয়েকটি গ্রুপে বিভক্ত হয়ে বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে। শেখ হাসিনা বলেন, শরণার্থীদের জন্য স্থায়ী ঘর নির্মাণ করা হয়েছে এমন নজির পৃথিবীতে নেই। তারপরও ভাসানচরে এক লাখ রোহিঙ্গার জন্য মানসম্মত আবাসনের ব্যবস্থা করেছে বাংলাদেশ। সেখানে যেতে চাইলে, আমরা ভাসানচরে প্রায় ৪ লাখ রোহিঙ্গার আবাসনের ব্যবস্থা করতে পারি। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে কিছু আন্তর্জাতিক সম্প্রদায়ের কিছু সদস্য, বেসরকারি সংস্থা ও দেশের বিরোধিতার কারণে সফল হচ্ছে না ভাসানচরে আবাসন প্রকল্প;„ বলেন শেখ হাসিনা। আয়ারল্যান্ড সরকারের সেন্ট প্যাট্রিক দিবসের অংশ হিসেবে, ভারত ও বাংলাদেশে সাত দিনের সরকারি সফরের দ্বিতীয় পর্যায়ে রবিবার ঢাকায় আসেন সাইমন কোভেনি।

(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## চার দিনের সফরে ঢাকা পৌঁছেছেন সুইডেনের রাজকন্যা ভিক্টোরিয়া

ঢাকা পৌঁছেছেন সুইডেনের রাজকন্যা ভিক্টোরিয়া। জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)-র শুভেচ্ছাদূত হিসেবে তিনি চার দিনের সফরে বাংলাদেশে এসেছেন। সোমবার (১৮ মার্চ) সকালে, তাকে বহনকারী বিশেষ ফ্লাইট হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। গত বছরের অক্টোবরে ইউএনডিপি শুভেচ্ছাদূত হিসেবে নিয়োগ পাওয়ার পর এটি তার প্রথম আনুষ্ঠানিক সফর। জাতিসংঘের সহকারী মহাসচিব এবং ইউএনডিপির এক্সটারনাল রিলেশনস ও অ্যাডভোকেসি পরিচালক উলরিকা মদির তার সঙ্গে রয়েছেন। উলরিকা মদির জানান, বাংলাদেশ অতি দারিদ্র্য বিমোচন, নারীর অধিকার সুসংহত করার সঙ্গে সঙ্গে জলবায়ু অভিযোজন, দুর্যোগ ঝুঁকির ব্যবস্থাপনা, অন্তর্ভুক্তিমূলক ডিজিটালাইজেশনের মতো খাতে গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জন করেছে। বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগ এবং জলবায়ু পরিবর্তনে সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে একটি। বেশ কয়েকটি উন্নয়ন চ্যালেঞ্জের সামনে দাঁড়িয়ে রয়েছে দেশটি। সুইডিশ রাজকন্যার এ সফর বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রার অভিজ্ঞতা সারা বিশ্বে ছড়িয়ে দেয়ার জন্য এবং অন্তর্ভুক্তিমূলক আন্তর্জাতিক পর্যায়ের অংশীদারিত্ব জোরদার করার বিষয়ে একটি অনন্য সুযোগ;„ যোগ করেন উলরিকা মদির। রাজকন্যা ভিক্টোরিয়ার সফরসঙ্গী হিসেবে রয়েছেন সুইডেনের আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা ও বৈদেশিক বাণিজ্যমন্ত্রী ইয়োহান ফরশেল। সুইডিশ রাজকন্যা বাংলাদেশের গ্রামীণ দারিদ্র্য নিরসনে অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল উন্নয়নের ইতিবাচক প্রভাব প্রত্যক্ষ করতে মাঠ পর্যায়ে যাবেন এবং সরকার ও ইউএনডিপি কর্তৃক বাস্তবায়িত, ঝুঁকিপূর্ণ এলাকায় জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমিত করতে নারী ও তরুণ উদ্যোক্তাদের উদ্যোগগুলো সরজমিন পরিদর্শন করবেন। বাংলাদেশে ইউএনডিপির আবাসিক প্রতিনিধি স্টেফান লিলার জানান, টেকসই উন্নয়ন, দারিদ্র্য দূরীকরণ, জলবায়ু মোকাবেলা কার্যক্রম এবং সমতার পক্ষে সুইডিশ রাজকন্যা দীর্ঘদিন ধরে বলিষ্ঠভাবে কাজ করছেন। সুইডিশ রাজকন্যা ভিক্টোরিয়াকে ২০২৩ সালের অক্টোবরে ইউএনডিপির শুভেচ্ছাদূত হিসেবে নিযুক্ত করা হয়। এই ভূমিকায় তিনি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে এবং কাউকে পেছনে না ফেলে একটি টেকসই আগামীর জন্য সচেতনতা বৃদ্ধিতে বিশেষ ভূমিকা পালন করছেন। ডিজিটাল রূপান্তরে বাংলাদেশের অগ্রগতি পর্যবেক্ষণ করেছেন সুইডেনের ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়া। জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) শুভেচ্ছাদূত হিসেবে বাংলাদেশ সফরে এসে ῾ইনোভেট টুগেদার ফর #জিরোডিজিটাল ডিভাইড, শীর্ষক অনুষ্ঠানে যোগ দেন তিনি। সোমবার (১৮ মার্চ) ঢাকায় ফরেন সার্ভিস একাডেমিতে অনুষ্ঠানটির আয়োজন করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ইউএনডিপির সহায়তায় পরিচালিত এসপায়ার-টু-ইনোভেট (এটুআই) । অনুষ্ঠানে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এবং কাউকে পেছনে ফেলে নয়, দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্য রেখে আগামীর বাংলাদেশকে ডিজিটাল বৈষম্যমুক্ত করে গড়ে তোলার বিষয়ে আলোকপাত

করা হয়। অনুষ্ঠানে সুইডেনের ক্রাউন প্রিন্সেস ডিজিটাল সেন্টার, জাতীয় হেল্পলাইন ৩৩৩, ই-কমার্স প্ল্যাটফর্ম এবং ফ্রিল্যান্সার সাপোর্ট প্রোগ্রামের মতো উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে ডিজিটাল বিভাজনের সেতুবন্ধনের ক্ষেত্রে বাংলাদেশের অনুকরণীয় যাত্রা পর্যবেক্ষণ করেন। ডাক, টেলিযোগাযোগ এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জুনাইদ আহ্মেদ পলক, ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশের পথে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে প্রযুক্তি কীভাবে শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনীতিসহ নানা খাতে সুযোগ তৈরি করেছে তা তুলে ধরেন। বাংলাদেশের উপকূলীয় এলাকার বাসিন্দাদের জীবনমান দেখতে মঙ্গলবার (১৯ মার্চ) খুলনার কয়রা উপজেলায় সফর করবেন জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) শুভেচ্ছাদূত সুইডেনের রাজকন্যা ভিক্টোরিয়া। ক্রাউন প্রিন্সেস ভিক্টোরিয়ার আগমনকে ঘিরে কয়রা উপজেলা প্রশাসন ব্যাপক প্রস্তুতি গ্রহণ করছে। পুরো এলাকায় নিরাপত্তা জোরদার করার পাশাপাশি, রাস্তাঘাট পরিষ্কার-পরিছন্ন করা হয়েছে। তার পরিদর্শনের জায়গাগুলো পরিপাটি করে সাজানো হয়েছে। খুলনার জেলা প্রশাসক খন্দকার ইয়াছির আরেফীন বলেন, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) শুভেচ্ছা দূত হিসেবে, ১৯ মার্চ তিনি বাংলাদেশের সর্ব দক্ষিণে সুন্দরবন সংলগ্ন উপকূলীয় অঞ্চল খুলনার কয়রা উপজেলা পরিদর্শন করবেন। উপকূলীয় অঞ্চলে জলবায়ু পরিস্থিতি মোকাবেলায় স্থানীয় জনগণের জীবনমান নিজ চোখে দেখবেন রাজকন্যা ভিক্টোরিয়া। এছাড়া, লিঙ্গ সমতা, মহারাজপুর ও মহেশ্বরীপুর ইউনিয়ন পরিষদ ডিজিটালাইজেশনে রূপান্তর পর্বেক্ষণ করবেন তিনি। এসডিজি বাস্তবায়নে অগ্রগতি এবং দুর্যোগ কবলিত কয়রার চ্যালেঞ্জগুলো পরিদর্শন করবেন প্রিন্সেস ভিক্টোরিয়া। মহারাজপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান মো. আব্দুল্লাহ আল মাহদুদ বলেন, ”সুইডেনের রাজকন্যা ভিক্টোরিয়া আমাদের পরিষদ দফতরে আসবেন, এটা আমাদের জন্য অত্যন্ত গর্বের বিষয়।কয়রা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মিজানুর রহমান বলেন, রাষ্ট্রীয় অতিথির কয়রায় আগমন উপলক্ষে সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। কয়রা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বিএম তারিক-উজ-জামান জানান, রাষ্টীয় অতিথিকে বরণের জন্য সব প্রস্তুতি নেয়া হয়েছে।
(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## শ্রীলংকার বিপক্ষে ওয়ানডে সিরিজ জিতলো বাংলাদেশ

তিন ম্যাচ সিরিজের তৃতীয় ওয়ানডেতে, শ্রীলঙ্কাকে হারালো বাংলাদেশ। এর মধ্য দিয়ে ২-১ ব্যবধানে সিরিজ জিতল টাইগার টিম। সোমবার (১৮ মার্চ) চট্টগ্রাম গ্রাউন্ডে বাংলাদেশের প্রথম একাদশে ছিলেন না তানজিদ হাসান তামিম। ফিল্ডিংয়ের সময় চোট পাওয়া সৌম্য সরকারের বদলি হিসেবে মাঠে নামেন তিনি। এই সুযোগ দারুণভাবে কাজে লাগান তানজিদ।৮১ বলে ৮৪ রান করে বদলি খেলোয়াড় হিসেবে সর্বাধিক রান করার রেকর্ড গড়লেন তিনি। জয়ের জন্য যখন ৫৮ রান প্রয়োজন, তখন মেহেদি হাসান মিরাজের আউট হন। ভারসাম্য হারাতে থাকে বাংলাদেশ দল। রিশাদ হোসেনের ব্যাট ভর করে খেলায় ফেরে টিম টাইগার। খেলার ৩৭তম ওভারে, ওয়ানিন্দু হাসারাঙ্গার বলে ১৬ রান করার পর, ৪০তম ওভারে অসাধারণ ২৪ রান তুলেন তিনি। মাত্র ১৮ বলে ৪৮ রানে ইনিংস দিয়ে শ্রীলঙ্কার কফিনে শেষ পেরেক ঠুকেন রিশাদ। এই ম্যাচে ১৮ বলে ৪৮ রানের ইনিংসে এই তরুণ ব্যাটার আবারো তার হার্ড হিটিং ব্যাটিংয়ের প্রমাণ দিলেন। এর আগে, টি-টোয়েন্টি সিরিজে এক ইনিংসে ৭টি ছক্কা হাঁকিয়েছিলেন তিনি। টিম টাইগার ২৩৬ রানের লক্ষ্য তাড়া করে, ৫৮ বল বাকি থাকতেই জয় ছিনিয়ে নেয়। এদিকে, ৪৮ রানে ৪ উইকেট নিয়ে ক্যারিয়ারের সেরা বোলিং করেন শ্রীলঙ্কার লাহিরু কুমারা।এর আগে, ব্যাটিং করতে নেমে শুরুতেই শ্রীলঙ্কার টপ ও মিডল অর্ডারের পতন হয়। জেনিথ লিয়ানাগের প্রথম ওয়ানডে সেঞ্চুরি লঙ্কানদের লড়াইয়ে দৃষ্টিনন্দন স্কোর তৈরি করে দেয়। পরে লেট অর্ডারও বেশিক্ষণ ক্রিজে টিকতে পারেনি। শেষ পর্যন্ত ২৩৫ রানে গুটিয়ে যায় শ্রীলঙ্কার ব্যাটিং অর্ডার। বাংলাদেশের হয়ে ৩ উইকেট নেন তাসকিন আহমেদ। আর মুস্তাফিজুর রহমান নেন দুই উইকেট। ওয়ানডে সিরিজ শেষ, ২২ মার্চ সিলেটে দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথমটিতে মুখোমুখি হবে টাইগার টিম ও লঙ্কান দল।
(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## মারা গেছেন `চাইম, ব্যান্ডের ভোকালিস্ট খালিদ

জনপ্রিয় গায়ক খালিদ আর নেই। সোমবার (১৮ মার্চ) রাজধানী ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায়, রাত সোয়া ৭টায় মৃত্যুবরণ করেন তিনি। মৃত্যুকালে খালিদের বয়স হয়েছিল ৬০ বছর। তার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন গীতিকার ও সুরকার প্রিন্স মাহমুদ। চাইম, ব্যান্ডের ভোকালিস্ট খালিদ। তার জনপ্রিয় গানগুলো মধ্যে রয়েছে; `যদি হিমালয় হয়ে দুঃখ আসে,, `হয়নি যাবারও বেলা,, `সরলতার প্রতিমা,, `আবার দেখা হবে, এবং আরো কিছু গান। গোপালগঞ্জে জন্ম নেয়া এই শিল্পী ১৯৮১ সাল থেকে গানের জগতে যাত্রা শুরু করেন। গত শতকের আশি ও নব্বইয়ের দশকের জনপ্রিয় সংগীতশিল্পী খালিদ। তিনি ভোকালিস্ট হিসেবে `চাইম, ব্যান্ডে যোগ দিয়েছিলেন। পরিবারের পক্ষ থেকে জানানো হয়, সোমবার রাতে গ্রিন রোড জামে মসজিদে জানাজা শেষে মরদেহ নেয়া হবে গোপালগঞ্জে; সেখানে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করার কথা রয়েছে।
(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## জিম্মি জাহাজ এমভি আব্দুল্লাহয় বিস্ফোরণের আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা

সোমালি জলদস্যুদের হাতে এক সপ্তাহ ধরে জিম্মি হয়ে আছে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ। জাহাজটিতে যে-কোনো সময় বিস্ফোরণের আশঙ্কা করছেন বিশেষজ্ঞরা। এমভি আবদুল্লাহয় রয়েছে হাজার হাজার মেট্রিক টন কয়লা। এগুলোর জন্যই বিস্ফোরণের আশঙ্কা করছেন তারা। মোজাম্বিক থেকে ৫৫ হাজার টন কয়লা নিয়ে দুবাই যাওয়ার পথে মঙ্গলবার (১২ মার্চ) বেলা দেড়টায় জলদস্যুদের কবলে পড়ে এমভি আবদুল্লাহ। বিশেষজ্ঞরা বলছেন, কয়লা দাহ্য খনিজ পদার্থ। নিয়মিত পর্যবেক্ষণ না করা গেলে বিস্ফোরণের ঝুঁকি আছে বলে জানান তারা। এদিকে, জাহাজ জিম্মি করার এক সপ্তাহ পরও দস্যুদের পক্ষ থেকে এখনো যোগাযোগ না করায়, নাবিকদের উদ্ধারের বিষয়ে কোনো অগ্রগতি হয়নি। এর মধ্যে বারবার জাহাজের অবস্থান পরিবর্তন করছে জলদস্যুরা। বিশেষজ্ঞরা বলছেন, সাগরে বাল্ক জাহাজে কয়লা পরিবহনে ৫ ধরনের বিপদের আশঙ্কা থাকে। তাই কিছু নিরাপত্তা পদক্ষেপ মেনে চলতে হয়। প্রতি ২৪ ঘণ্টায় জাহাজের খোলের ভেতরে মিথেন, কার্বন মনোক্সাইড এবং অক্সিজেনের পরিমাপ করতে হয়। বের করে দিতে হয় নির্ধারিত মাত্রার বেশি গ্যাস। তারা বলছেন, বদ্ধ জায়গায় কয়লা থেকে স্বয়ংক্রিয়ভাবে ছড়িয়ে পড়া মিথেনের পরিমাণ বাড়লে বিস্ফোরণ ঘটতে পারে। এ ছাড়া, কার্বন মনোক্সাইড বেড়ে অক্সিজেনের পরিমাণ কমে গেলে নাবিকদের জীবনের ঝুঁকি থাকে। এ বিষয়ে মাস্টার মেরিনার ক্যাপ্টেন এম আনাম চৌধুরী গণমাধ্যমকে বলেন, মিথেন উচ্চমাত্রার দাহ্য গ্যাস। যে-কোনো সময় এতে আগুন ধরতে পারে। সাধারণত কয়লাবাহী জাহাজে কাউকে ডেকে সিগারেট খেতে দেয়া হয় না। কারণ, সামান্য সিগারেটের আগুন থেকে সেখানে বড় বিস্ফোরণ হতে পারে। ”প্রতি ২৪ ঘণ্টায় একবার কয়লার কনসেন্ট্রেশন মেপে দেখতে হয়। এটি বিস্ফোরণ-মাত্রার উপরে উঠে গেলে, যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে অতিরিক্ত গ্যাস বের করে দিতে হয়। এটা ২৪ ঘণ্টার একটা পর্যায়ক্রমিক প্রতিক্রিয়া;„ জানান ক্যাপ্টেন এম আনাম চৌধুরী। মেরিটাইম খাতে কয়লা ঝুঁকিপূর্ণ কার্গো হিসেবে পরিচিত। আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী, এ ধরনের জাহাজ তদারকির জন্য বিশেষ নির্দেশনা রয়েছে। জিম্মি হওয়ার পর, এখন পর্যন্ত এ বিষয়ে এমভি আব্দুল্লাহর নাবিকদের কাছ থেকে কোনো তথ্য পাওয়া যায়নি। সোমবার (১৮ মার্চ) দুপুরে জাহাজ মালিক প্রতিষ্ঠান এসআর শিপিংয়ের মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম জানান, ”জাহাজে আমাদের টেকনিক্যাল পারসন আছে। আশা করি জলদস্যুরা সবসময় এই করণীয়টুকু করবে।„ ”কারণ, আমরা মনে করছি, স্বার্থরক্ষা, জাহাজ নিরাপদ ও আবাসস্থল নিরাপদ রাখার স্বার্থে নাবিকদের সহযোগিতা করবে জলদস্যুরা;„ বলেন মিজানুল ইসলাম। এর আগে সোমালিয়ার দস্যুদের হাতে জিম্মি হয়েছিলো একই মালিকের এমভি জাহানমণি নামের একটি জাহাজ। মো. ইদ্রিস ছিলেন সেই জাহাজের নাবিক । ইদ্রিস জানিয়েছেন, তাদের যখন বন্দি করে রাখা হয়, তখন কোনো কাজ করতে দেয়া হয়নি। এই অভিজ্ঞতা থেকে বলা যায়, এমভি আবদুল্লাহ জাহাজে কয়লায় বিস্ফোরণের আশঙ্কা রয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## অবন্তিকার আত্মহত্যার ঘটনায় দ্বীন ইসলাম ও আম্মানের রিমান্ড মঞ্জুর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফাইরুজ অবন্তিকার আত্মহত্যার ঘটনায় গ্রেপ্তার বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দ্বীন ইসলামের একদিন ও অবন্তিকার সহপাঠী আম্মান সিদ্দিকীর ২ দিনের রিমান্ড মঞ্জুর করেছে কুমিল্লার একটি আদালত। সোমবার (১৮ মার্চ) অভিযুক্ত দুজনকে আদালতে উপস্থাপন করে পুলিশ রিমান্ড আবেদন করে। এরপর, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বক্কর সিদ্দিক তাদের রিমান্ড মঞ্জুর করেন। রবিবার (১৭ মার্চ) সন্ধ্যায় ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাছ থেকে দ্বীন ইসলাম ও আম্মান সিদ্দিকীকে কুমিল্লা জেলা পুলিশের একটি টিম কুমিল্লায় নিয়ে যায়। এর আগে শুক্রবার (১৫ মার্চ) রাত ১০টায় কুমিল্লায় নিজ বাড়িতে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেন অবন্তিকা। এর কিছুক্ষণ আগে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একটি পোস্ট করেন তিনি। সেখানে সহপাঠী আম্মান সিদ্দিক ও বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দীন ইসলামকে আত্মহত্যার জন্য দায়ী করেন অবন্তিকা। গত ১৬ মার্চ রাতে অবন্তিকার মা তাহমিনা শবনম বাদী হয়ে দ্বীন ইসলাম ও আম্মান সিদ্দিকীসহ বেশ কয়েকজনকে অজ্ঞাতনামা ব্যক্তির বিরুদ্ধে কুমিল্লার কোতোয়ালি মডেল থানায় মামলা দায়ের করেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী অবন্তিকার আত্মহত্যার ঘটনায় জড়িতদের বিচারের দাবিতে মানববন্ধন ও শোক র‍্যালি করেছেন আইন বিভাগের শিক্ষার্থীরা। মানববন্ধনে বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। রবিবার (১৭ মার্চ) অনুষ্ঠিত শোক র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয়ের শহিদ মিনার প্রাঙ্গণে মানববন্ধন করে। মানববন্ধনে বক্তারা অবন্তিকার আত্মহত্যার কারণ উদঘাটন ও দায়ীদের দ্রুত বিচারের দাবি জানান। অবন্তিকার সহপাঠী সেতু পাল বলেন, ”আমরা কখনো ভাবিনি অবন্তিকা এমন কাজ করবে। আত্মহত্যা কোনো সমাধান নয়। আমি এর সুষ্ঠু তদন্ত চাই। যারা জড়িত, তাদের অবশ্যই শাস্তি পেতে হবে।„ আইন বিভাগের আরেক শিক্ষার্থী তানিমও অবন্তিকার জন্য ন্যায় বিচার দাবি করেন। তিনি বলেন, ”আত্মহত্যায় প্ররোচনা দেয়ার জন্য যারাই দায়ী থাকুক না কেন, তাদের বিচারের আওতায় আনতে হবে।„ আইন বিভাগের শিক্ষক আহমেদ এহসানুল কবির জানান, অবন্তিকা একজন সক্রিয় এবং মেধাবী ছাত্রী ছিল। তিনি বলেন, ”আমরা একজন মেধাবী শিক্ষার্থী হারালাম। আমি তদন্ত কমিটির কাছে আমার বক্তব্য জানিয়েছি। আশা করি আমরা ন্যায়বিচার পাবো।„ আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আলী আক্কাস সরকার বলেন, ”আমার ৩৪ বছরের শিক্ষকতা

জীবনে অনেক ঘটনা দেখেছি। অবন্তিকার মৃত্যু আমাকে খুব কষ্ট দিয়েছে।„ ”সে তার অনার্স সম্পন্ন করেছিল। আমরা তার আত্মহত্যার কারণ অনুসন্ধান ও দ্রুত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি। প্রয়োজনে দ্রুত বিচার করতে হবে। দৃষ্টান্তমূলক বিচার হোক;„ বলেন আইন বিভাগের চেয়ারম্যান। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

### দেশকে অন্ধকারে ঠেলে দিতে তত্ত্বাবধায়ক সরকার চায় বিএনপি : শেখ হাসিনা

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি ও তার মিত্ররা নির্বাচনের জন্য নয়, বরং দেশকে আবার অন্ধকারের দিকে ঠেলে দিতে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল চায়। সোমবার (১৮ মার্চ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, ঢাকা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে আয়োজিত আলোচনা সভায় একথা বলেন তিনি। ”দেশকে কেউ অন্ধকারের যুগে ঠেলে দিতে পারবে না। বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবের দেশ; তার জন্ম হয়েছিলো সাধারণ মানুষের ভাগ্য পরিবর্তনের জন্য। আর, আমরা তার আদর্শ অনুসরণ করে এই পরিবর্তন আনব; বলেন শেখ হাসিনা। জাতীয় নির্বাচন পরিচালনার জন্য বাতিল করা তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনরায় চালু করার জন্য বিএনপি যে দাবি করেছে, তার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তোলেন তিনি। শেখ হাসিনা প্রশ্ন করেন, ”কেন তারা এটা চায়? তাদের প্রত্যাশা কী?„ তিনি আরো বলেন যে ২০০৮ সালের নির্বাচনে তত্ত্বাবধায়ক সরকার ছিল। সেই নির্বাচনে তারা পেয়েছে ৩০ টি আসন; আর আওয়ামী লীগ পেয়েছে ২৩৩টি আসন।„ ”বিএনপিকে এটা মনে রাখতে হবে। আওয়ামী লীগ যতদিন ক্ষমতায় থাকে, ততদিন গরিবরা খাবার পায়, আশ্রয় পায়। আর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেশে কেউ বাড়ি, ঠিকানা ও জমি ছাড়া থাকবে না;„ যোগ করেন শেখ হাসিনা। এ লক্ষ্য পূরণে সরকার বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে বলে জানান তিনি। বলেন, ”আর এই বিষয়টি তারা (বিএনপি) সহ্য করতে পারছে না।„ সাধারণ ও দরিদ্র মানুষ ভালো জীবন যাপন করছে এটা বিএনপি পছন্দ করে না বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### আগামীতে জাতির পিতার দেখানো পথেই হাঁটবে বাংলাদেশ : প্রধানমন্ত্রী

বাংলাদেশ জাতীয়তাবাদ দল বিএনপি গণতন্ত্রের ভাষা বোঝে না বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি আরো বলেন, দেশে নিত্যপণ্যের বাজারে যে অস্থিরতা দেখা দিয়েছে তা প্রশমনে সরকার কাজ করছে। এ সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা :

বিএনপি গণতন্ত্রের ভাষা বোঝে না বলেই সরকারের বিরুদ্ধে অন্ধ সমালোচনা করে। এমন মন্তব্য করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার সকালে রাজধানীর তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ কার্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকীর আলোচনায় যোগ দিয়ে তিনি এসব কথা বলেন। এসময় প্রধানমন্ত্রী বলেন, এ দেশকে আর কেউ অন্ধকারে ঠেলে দিতে পারবে না, আওয়ামী লীগ সে সুযোগ কাউকে দেবে না। বক্তৃতার শুরুতেই, বাংলাদেশ প্রতিষ্ঠায় জাতির পিতার আন্দোলন সংগ্রামের চিত্র তুলে ধরেন বঙ্গবন্ধু কন্যা। বলেন, শেখ মুজিব না জন্মালে দেশের সব অর্জন ম্লান হয়ে যেত। আওয়ামী লীগ জন্মলগ্ন থেকেই গন্ততন্ত্রে বিশ্বাসী উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, তার সরকার আজীবন গণতন্ত্র রক্ষায় আন্দোলন সংগ্রাম করে আসছে। তবে দেশের একটি রাজনৈতিক দল তা ধংসের পায়তারা করছে বলে অভিযোগ করেছেন তিনি। শেখ হাসিনা বলেন, বাঙালি বীরের জাতি। আগামীতে এই সকল বাধা পেরিয়ে জাতির পিতার দেখানো পথে বাংলাদেশ আলোর পথে হাটবে বলেও জানান বঙ্গবন্ধু কন্যা। এ সময় বিশ্ব বাজারের জেরে, বাংলাদেশেরও নিত্যপন্যের বাজারে অস্থিরতা দেখা দিয়েছে জানিয়ে, আর তা প্রশমনে সরকার কাজ করছে বলেও জানান প্রধানমন্ত্রী (স্বকণ্ঠে) যে আদর্শ নিয়ে, যে চেতনা নিয়ে এই দেশ স্বাধীন করেছিলেন আমার বাবা যে দুঃখী মানুষের মুখে হাসি ফোটাবেন, মানুষের ভাগ্য পরিবর্তন করবেন, জীবন মান উন্নত করবেন সেই আকাঙ্ক্ষা তার যে আদর্শ সেটা তো ব্যর্থ হতে পারে না। সেটা যাতে ব্যর্থ হতে না পারে সেজন্যই সব কষ্ট, শোক বুকে নিয়ে আজকে মানুষের পাশে আছি থাকবো।
(রেডিও তেহরান: ২০৩০ ১৮.০৩.২০২৪ আসাদ,বাদশা রহমান)

### উন্নত জীবনের আশায় অনেক বাংলাদেশি মধ্যপ্রাচ্য থেকে ইউরোপে পাড়ি জমানার চেষ্টা করছেন

উন্নত জীবনের স্বপ্নে মধ্যপ্রাচ্যে অবস্থানরত বাংলাদেশের অনেক প্রবাসী ইউরোপ-সহ পশ্চিমা দেশগুলোতে পাড়ি জমানার চেষ্টা করছেন। পাশ্চাত্য দেশগুলোতে অভিবাসী হওয়ার চেষ্টা করতে গিয়ে তাদের অধিকাংশই প্রতারণার শিকার হচ্ছেন। এমনকি সর্বস্ব হারাচ্ছেন। ঢাকা থেকে জানাচ্ছেন আমাদের বিশেষ সংবাদদাতা :

মধ্যপ্রাচ্যে সক্রিয় হয়ে উঠেছে ইউরোপে কর্মী পাঠানোর মানবপাচারকারী চক্র। যাদের অন্যতম প্রধান লক্ষ্য স্বল্প শিক্ষিত ও অদক্ষ শ্রমিক। আর এই প্রতারক চক্রের খপ্পরে পড়ে নিঃস্ব হচ্ছেন বহু প্রবাসী বাংলাদেশি। তাই পশ্চিমা দেশগুলোর স্বপ্ন দেখা অভিবাসীদের সংশ্লিষ্ট বিষয়ে জেনে এবং সঠিক প্রদ্ধতি মেনে যাওয়ার আহ্বান জানিয়েছেন প্রবাসী বাংলাদেশি কমিউনিটি নেতারা। বিশ্লেষকরা বলছেন, জীবিকার খোঁজে প্রবাসের কঠিন পথ বেঁছে নিয়েছেন, প্রায় দেড়

কোটি বাংলাদেশি। কুয়েতসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে এই অভিবাসীদের সংখ্যা, সবচেয়ে বেশি। মরুর বুকে হাড়ভাঙ্গা পরিশ্রমে তারা গড়ে তুলছেন ভাগ্যের চাকা। উন্নত জীবনের স্বপ্নে অনেক প্রবাসীই আবার পাড়ি জমানোর চেষ্টা করছেন ইউরোপসহ পশ্চিমা দেশগুলোতে। যেখানে অধিকাংশই হচ্ছেন প্রতারণার শিকার, হারাচ্ছেন সবকিছুই। এমনটা জানিয়েছেন কুয়েতের বাংলাদেশি ব্যবসায়ী সালাউদ্দিন খান(স্বকণ্ঠে) প্রথমত আমি সোশ্যাল মিডিয়াম মাধ্যমে জানতে পারি যে তারা ইউরোপে ঢুকতে চাচ্ছে। তাদের ফর্মে লেখা আছে যে মানিবাগ গ্যারান্টি। তখন আমার মনে খটকা লাগে। এদের মধ্যে একজন থেকে আমি খবর পাই যে গত সপ্তাহে সে বলছে আমার তো সর্বনাশ হয়ে গেছে। তিনি জানান আমরা যেখানে কাগজপত্র টাকা দিয়েছিলাম তাদের অফিস বন্ধ।

এদিকে দুবাইয়ের প্রবাসী ব্যবসায়ী সাইফুল ইসলাম জানিয়েছেন,(একটি ইয়াং ছেলে নতুন স্বপ্ন নিয়ে আসে এবং সে তার স্বপ্ন পূরণ করতে পারে না। তখন তার মাথার মধ্যে আসে যে আমরা কেন ইউরোপে যাবনা। সেজন্যই এরা ইউরোপে যাওয়ার চেষ্টা করে। আর দালালরা এই সুযোগটাই নেয়। সংশ্লিষ্টরা বলছেন, মধ্যপ্রাচ্যের মানব পাচারকারি চক্রের প্রতারণা, ভয়ঙ্কর ধারালো। আর সেই ফাঁদে না পড়ার আহ্বান জানিয়েছেন ভূক্তভোগীরা। ঢাকা মেট্রোপলিটন পুলিশ ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার  মোহাম্মদ হারুন অর রশিদ জানান(ট্রাভেল এজেন্সি যেখানে বাংলাদেশ বিমানের বুকিং দেয়া হয় তারা তো দেখবে সে যখন বোডিং আনতে যাবে তখন দেখবে তার ভিসা আছে কিনা। তখন তারা তো বায়েষ্ট তাদের তো ভিসা ভুয়া। তখনই আসলে সমস্যাটা শুরু হয়) সম্প্রতি বিদেশে মানবপাচারের অনেক বড় একটি চক্রের সন্ধান পেয়েছে তারা। গোয়েন্দা অনুসন্ধানে জানা যায়, এই চক্রে স্থানীয় রাজনীতিবিদ, বিমান বন্দরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাসহ অনেক বড় বড় ব্যক্তিত্বরা জড়িত। বিশেষজ্ঞ ও সাবেক আইওএম কর্মকর্তা আসিফ মুনীর মনে করেন, প্রতারক চক্র নতুন ফাঁদ বেশ শক্ত করেই ধরেছে। কারণ ইউরোপ যেতে প্রাথমিক ধাপ হিসেবে তারা অনেককে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে নিয়ে বিশ্বাস ও আস্থা অর্জন করছে। এরপরেই তাদেরকে দেখিয়ে আরো অনেক অভিবাসন প্রত্যাশীকে দলে ভেড়াচ্ছেন প্রতারক চক্র। এই সমস্যা এখনই সমাধান না করলে পরিস্থিতি আরো কঠিন হয়ে ওঠার শংকা এই অভিবাসন বিশেষজ্ঞের।

(রেডিও তেহরান:২০৩০ ১৮.০৩.২০২৪ আসাদ,বাদশা রহমান)

## এনএইচকে

### সোমালি জলদস্যুদের ছিনতাইকৃত পণ্যবাহী জাহাজ আটক ভারতীয় নৌবাহিনীর

ভারতীয় নৌবাহিনী জানিয়েছে যে তারা সোমালিয়ার জলদস্যুদের ছিনতাই করা একটি মালবাহী জাহাজের নিয়ন্ত্রণ নিয়ে নিয়েছে এবং ক্রু সদস্যদের নিরাপদে সরিয়ে এনেছে। ভারতীয় নৌবাহিনী জানায় যে তারা শুক্রবার একটি ডেস্ট্রয়ার পাঠিয়েছে সোমালিয়ার উপকূলে ছিনতাই হওয়া জাহাজটিকে আটকাতে। ডিসেম্বরে জলদস্যুরা বাণিজ্যিক জাহাজটি ছিনতাই করে। নৌবাহিনীর প্রকাশিত ভিডিওচিত্রে দেখা যাচ্ছে যে লোকজন মালবাহী জাহাজের ডেক থেকে একটি হেলিকপ্টারে গুলি করছে। নৌবাহিনী জানায় যে ৩৫ জন জলদস্যু আত্মসমর্পণ করেছে এবং ১৭ জন ক্রু সদস্যকে নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে। ২০০৯ থেকে ২০১১ সালের মধ্যে সোমালিয়ার উপকূলে এবং এডেন উপসাগরে প্রতি বছর ২০০ টিরও বেশি জলদস্যুতার ঘটনা ঘটেছে। গত বছরের শেষের দিকে সোমালি জলদস্যুদের আক্রমণ আবার শুরু হয়। ইয়েমেনের ইরান সমর্থিত হুতিরা নভেম্বর থেকে লোহিত সাগরে বাণিজ্যিক জাহাজগুলোকে লক্ষ্যবস্তু করে আসছে। (এনএইচকে ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### মশা মারার বাজেট বাড়ে, মশাও বাড়ে

ঢাকার দুই সিটি কর্পোরেশনে চলতি অর্থবছরে মশা মারার বাজেট ১৫৩ কোটি টাকা। আর মশা মারতে ড্রোনের ব্যবহারও করেছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। তারা সিঙ্গাপুর থেকে বিটিআই নামের এক ধনের ব্যাকটেরিয়াও আমদানি করেছে। তারপরও মশার দাপট কমছে না। উল্টো গত চার মাসে কিউলেক্স মশার ঘনত্ব দ্বিগুণ হয়েছে বলে সাম্প্রতিক গবেষণায় জানা গেছে। এডিস মশার পর এবার এই মার্চের শুরু থেকেই কিউলেক্স মশার কামড়ে নগরবাসী অতিষ্ঠ হয়ে উঠছেন। দিনে রাতে এখন সব সময়ই মশার কামড়। ঢাকার মুগদা এলাকার আতিকুর রহমান বলেন, "গত এক মাস ধরে দিনে রাতে সমান মশা। কামড় দিলে ফুলে ওঠে ও চুলকায়। বাচ্চাদের দিনেও মশারির মধ্যে রাখতে হয়। সিটি কর্পোরেশনের লোকজনকে ওষুধ ছিটাতে গত এক সপ্তাহে দেখিনি।„ কলাবগানের জসিম উদ্দিন জানান, " এখন বিকেল বেলা কোথাও দাঁড়লে মাথার ওপর মশা ওড়ে। নাকে মুখে ঢুকে যায়।„ ঢাকার অন্যান্য এলাকারও একই অবস্থা। তবে যেসব এলাকায় ডোবা, নালা বা খাল বেশি সেখানে মশাও বেশি। অবশ্য দুই সিটি কর্পোরেশনই দাবি করছে তারা মশা নিধনে ব্যাপক কাজ করছে এবং মশা আগের চেয়ে কম। গবেষণা বলছে এখন ঢাকায় কিউলেক্স মশার ঘনত্ব ৯৯ ভাগ। এর মানে হলো ১০০টি মশার মধ্যে ৯৯টি কিউলেক্স মশা। আর গত চার মাসে এই ঘনত্ব বেড়েছে দ্বিগুণ। কিউলেক্স মশা ড্রেন, নর্দমা, ডোবা ও ময়লা পানিতে বংশ বিস্তার করে। এই মশার কামড়ে ফাইলেরিয়া রোগ হতে পারে

বলে জানিয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক এবং কীটতত্ত্ববিদ অধ্যাপক ড. কবিরুল বাশার। অধ্যাপক কবিরুল বাশারের নেতৃত্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এক দল গবেষক ঢাকার ছয়টি স্পটে ১২টি ফাঁদের মাধ্যমে মশা সংগ্রহ করছে। নভেম্বরে গড়ে প্রতিটি ফাঁদে ২০০টি করে মশা ধরা পড়েছে। ডিসেম্বরেও গড় সংখ্যা মোটামুটি একই ছিল। তবে জানুয়ারি থেকে এ সংখ্যা ৩০০ হয়ে যায়। ফেব্রুয়ারিতে ৩৮৮ ও চলতি মার্চে এই সংখ্যা ৪২০টিতে ঠেকেছে। ঘরের ভেতর ও বাইরে আলাদা দুটি ফাঁদে সপ্তাহে একবার করে মাসে চারবার মশা সংগ্রহ করে হিসাব করে গড় বের করা হয়।

গবেষণায় গড়ে প্রতি ফাঁদে মিলছে ৪২০টি মশা। সবচেয়ে বেশি উত্তরা ও দক্ষিণখান এলাকায় গড়ে ৫০০ মশা ধরা পড়েছে। কবিরুল বাশার বলেন, ”গত বছরের তুলনায় এই সময়ে মশা বেড়েছে কী না তা তুলনা করার জন্য কোনো পরিসংখ্যান আমার কাছে নাই। তবে চলতি বছরের ফেব্রুয়ারির তুলনায় মার্চে ২০ ভাগ মশা বেড়েছে। আর সাধারণভাবে নাগরিকেরা মশা বাড়ার কথা বলছেন।„ তার কথা, ”ঢাকার ড্রেন ও নর্দমা নিয়মিত পরিষ্কার না করার ফলে মশা বেড়েছে। আর মশা ও মশার লার্ভা নিধনে কার্যকর ব্যবস্থা নেয়া হচ্ছে না।„ কিন্তু এই গবেষণার সঙ্গে একমত নন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. ফজলে শামসুল কবির। তিনি বলেন, ”গবেষণায় কী পাওয়া গেছে তা গবেষকের ব্যাপার। তার গবেষণার সাথে আমি একমত নই। মার্চ মাসে ঢাকা দক্ষিণ সিটি এলাকায় মশক পরিস্থিতি যেকোনো বছরের তুলনায় ভালো এবং পরিস্থিতি আমাদের সম্পূর্ণ নিয়ন্ত্রণে আছে। বিচ্ছিন্নভাবে আমরা দুই-একটি এলাকা থেকে অভিযোগ পাচ্ছি। সেখানে আমরা ব্যবস্থা নিচ্ছি। আর আমরা কিউলেক্স মশার প্রজনন ক্ষেত্র ড্রেন, নর্দমা, ডোবা, খাল নিয়মিত পরিষ্কার রাখছি। এছাড়া সকালে মশার লার্ভা নিধনের জন্য লার্ভিসাইট, বিকেল বেলা উড়ন্ত মশা নিধনের জন্য নিয়মিত ফগিং করছি,„ বলেন এই কর্মকর্তা। আর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল ইমরুল কায়েস চৌধুরী বলেন, ”কবিরুল বাশার ছাড়া আর কেউ তো মশা নিয়ে গবেষণা করেন না। ফলে তার গবেষণা তো আমাদের তুলনা করার সুযোগ নাই যে মশা বেড়েছে না কমেছে। তবে সাধারণভাবে দেখলে এটা তো অস্বীকার করার উপায় নাই যে মশা বেড়েছে।„ তার কথা, ”মশা নিধনে আমাদের নানা ধরনের চেষ্টা অব্যাহত আছে। তবে এর সঙ্গে ওয়েস্ট ম্যানেজমেন্ট ও খাল বিলের সম্পর্ক আছে। আমাদের উত্তর সিটি কর্পোরেশনে তিন হাজার বিঘার মতো জলাশয় আছে। এগুলোর অধিকাংশ রাজউক, পিডিবিসহ আরো কিছু সরকারি প্রতিষ্ঠানের। যেগুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখা তাদের দায়িত্ব।„

ঢাকার দুই সিটির চলতি অর্থ বছরে মশা মারার বাজেট ১৫২ কোটি ৮৫ লাখ টাকা। এর মধ্যে উত্তরের ১২১ কোটি ৮৪ লাখ আর দক্ষিণের ৩১ কোটি এক লাখ টাকা। আর গত ১২ বছরে ঢাকার মশা মারার আয়োজনে খরচ হয়েছে এক হাজার ২০০ কোটি টাকা। এই বাজেটের টাকা মশা নিবারণের নানা যন্ত্রপাতি, কীটনাশসহ আরো অনেক কাজে ব্যয় হয়। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে (ডিএসসিসি) ১০টি অঞ্চলে ৭৫টি ওয়ার্ড। মশানিধনে ১৫০ জন মশক সুপারভাইজারসহ এক হাজার ৫০ জনবল কাজ করছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১০টি অঞ্চলে মোট ৫৪টি ওয়ার্ড রয়েছে। এখানে ৭৫ জন মশক সুপারভাইজারসহ প্রায় ৬০০ জনবল আছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞ বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের সাবেক উপদেষ্টা অধ্যাপক ডা. মোজাহেরুল হক বলেন, ”কার্যকর মশা নিধনের দায়িত্ব ঢাকার দুই সিটি কর্পেরেশনের। তারা যদি যৌথ এবং সমন্বিতভাবে এই কাজটি করতো তাহলে মশা নিয়ন্ত্রণ করা যেত। তাদের কৌশলগত পরিকল্পনা দরকার। পাশাপাশি দরকার নগরবাসীকে সম্পৃক্ত করা।„ তার কথা, ”ঢাকার জলশয়, খাল ময়লা দিয়ে ভরে ফেলা হয়েছে। ড্রেন, নর্দমা অপরিষ্কার। সেগুলো পরিষ্কার করতে হবে। পানির চলাচল রাখতে হবে। আর মশা নিধনে যে রাসায়নিক ব্যবহার করা হয় তা ল্যাবরেটরিতে এবং ফিল্ড লেভেলে পরীক্ষা করে ব্যবহার করা দরকার।„ অধ্যাপক কবিরুল বাশারের কথা হলো, ”ড্রেন ও নর্দমা নিয়মিত পরিষ্কার না করার ফলে মশা বেড়েছে। অনেক জলাশয়ে প্রচুর কচুরিপানা। এসব কচুরিপানায় মশার লার্ভা জন্ম নিচ্ছে। সিটি কর্পোরেশনের উচিত এখনই ড্রেন ও খালের লার্ভা ধ্বংস করতে গাপ্পি মাছ ছেড়ে দেয়া। গাপ্পি মাছ ময়লা পানিতেও ভালো থাকে এবং মশার লার্ভা খেয়ে ফেলে।'' মশার প্রাদুর্ভাব শুরু হলেই সিটি কর্পোরেশনের হাঁকডাক শুরু হয়ে যায়। তারা নানা কথা বলে, পরীক্ষা নিরীক্ষা শুরু করে। মশা মারতে মারতে ড্রোন, রোড শো, পরিচ্ছন্নতা ও মশককর্মীদের শরীরে অত্যাধুনিক বডি ক্যামেরার সংযোজন, হাঁস, পাখি, গাছ ও মাছের ব্যবহার করে চমক দেখায়, কিন্তু মশা কমে না। এখন কিউলেক্স-এর প্রাদুর্ভাব শুরু হয়েছে। কমিউনিটি মেডিসিনের চিকিৎসক ডা. লেনিন চৌধুরী বলেন, ”মশার কারণে এখন সারা বছরই ম্যালেরিয়া, ফাইলেরিয়া, ডেঙ্গু রোগে মানুষ আক্রান্ত হয়। তাই মশা নিধনের কাজ সারা বছরই করতে হবে। আমরা কাজ ছাড়া আর কোনো কথা শুনতে চাই না।„ তার কথা,” মশা নিধনের তিনটি উপায়। পরিবেশগত, রাসায়নিক এবং বায়োলজিক্যাল। এই তিনটি প্রক্রিয়া সব সময় কাজে লাগাতে হবে। আমরা দেখছি মশা মারার ওষুধে মশা মরে না। তাই ল্যাবরেটরিতে যে রাসায়নিকে মশা মরছে সেটা বাস্তবে ব্যবহার করা হয় কী না তা দেখা দরকার।„

এই কিউলেক্স মৌসুম শেষ হলে আবার ডেঙ্গু মৌসুম শুরু হবে। গত বছর সারাদেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন তিন লাখ ২১ হাজার। এর মধ্যে ঢাকায় এক লাখ ১০ হাজার। গত বছর ডেঙ্গুতে মারা গেছেন এক হাজার ৭০৫ জন, যার

মধ্যে ৯৮০ জনই ঢাকায় মারা গেছেন। ঢাকার দুই সিটির মধ্যে উত্তর সিটিতে সম্প্রতি একজন কীটতত্ত্ববিদ নিয়োগ দেয়া হয়েছে। তিনি অবশ্য এখনো মশার ব্যাপারে কিছু জানেন না। সোমবার তার কাছে মশার ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, "এ বিষয়ে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা জানেন ।„ আর দক্ষিণে কোনো কীটতত্ত্ববিদ নাই। কবিরুল বাশার মনে করেন, "তাদের কীটতত্ত্ববিদ থাকা দরকার এবং মশা নিয়ে নিয়মিত গবেষণা করা প্রয়োজন।„ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কীটতত্ত্ব বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল কুমার দত্ত বলেন,"সিটি কর্পোরেশন মাঝে মাঝে সহায়তা চায়। আমরা তখন আমাদের এক্সপার্টদের পাঠাই। তবে মশার ব্যাপারে আমাদের ভালো এক্সপার্ট নেই।„
(ডয়চে ভেলে ওয়েব পেজ:১৮.০৩.২০২৪ রিহাব)

## আস্থার সংকটে পেনশন স্কিমে প্রত্যাশিত সাড়া নেই

বাংলাদেশে সর্বজনীন পেনশন স্কিম নিয়ে সরকারের অনেক প্রত্যাশা থাকলেও নাগরিকদের আগ্রহ দেখা যাচ্ছে না তেমন। প্রায় সাড়ে ছয় মাসে ২৭ হাজার গ্রাহক হিসাব খুলেছেন। জমা অর্থের ৩১ কোটি টাকা ট্রেজারি বন্ডে বিনিয়োগ করেছে কর্তৃপক্ষ। গত বছরের আগস্টে বাংলাদেশের নাগরিকদের জন্য সর্বজনীন পেনশন স্কিম চালু করে সরকার। বেসরকারি চাকরিজীবী, স্বকর্ম বা অপ্রাতিষ্ঠানিক খাতের নিয়োজিত কর্মী, স্বল্প আয়ের মানুষ এবং প্রবাসীদের অংশ নেয়ার সুযোগ রেখে চারটি আলাদা স্কিমের ঘোষণা দেয়া হয়। স্কিমগুলোতে মোট ১০ কোটি মানুষকে অন্তর্ভুক্ত করার লক্ষ্য নেয় জাতীয় পেনশন কর্তৃপক্ষ। তবে ছয় মাস পেরিয়ে ২৭ হাজার মানুষ হিসাব খুলেছেন, যা লক্ষ্যমাত্রার এক শতাংশেরও বেশ কম। সরকারি প্রতিষ্ঠানের উপর আস্থাহীনতা এবং দেশের অর্থনৈতিক পরিস্থিতি পেনশন স্কিমের লক্ষ্য বাস্তবায়নে বড় বাধা হিসেবে দেখছেন বিশেষজ্ঞরা। পেনশন স্কিমের ব্যবস্থাপনা এবং বিনিয়োগকৃত অর্থ ফেরত পাওয়া নিয়ে সংশয় আছে সাধারণ মানুষের। অবশ্য জাতীয় পেনশন কর্তৃপক্ষ বলছে নতুন এই ধারণা যাতে সবার কাছে গ্রহণযোগ্যতা পায় সেজন্য তারা কাজ করছে। তহবিল ব্যবস্থাপনা এবং নিরাপদ বিনিয়োগের জন্য একটি বিধিমালার খসড়া তারা তৈরি করেছে যা দ্রুত পাস ও কার্যকর হবে। বিনিয়োগ কমিটির মাধ্যমে এই তহবিলের বিনিয়োগ হবে, তাই সরকার সরাসরি এই অর্থ ব্যবহার করতে পারবে না।

একটি তৈরি পোশাক প্রতিষ্ঠানে গত ১০ বছর ধরে ব্যবস্থাপনা পদে চাকরি করেন আল ফরিদ, যেখানে কোনো প্রোভিডেন্ট ফান্ড বা পেনশন সুবিধা নেই। অর্থাৎ, চাকরি ছাড়লে অবসরকালীন কোনো ভাতা তিনি পাবেন না। এর আগে আরো দুইটি প্রতিষ্ঠানে চাকরি করেছেন, সেখানেও সেই সুযোগ ছিল না। দেশের বেসরকারি খাতে কর্মরতদের একটি বড় অংশেরই পরিস্থিতি ফরিদের মতো। শ্রম জরিপ অনুযায়ী, বাংলাদেশে কাজে নিয়োজিতদের ৮৫ শতাংশই অপ্রাতিষ্ঠানিক খাতে নিযুক্ত, যাদের অবসরকালীন ভাতা দূরে থাক কর্মক্ষেত্রের অন্যান্য সুযোগ-সুবিধাগুলোর নিশ্চয়তাও নেই। বিপরীতে ৬৫ বছরের বেশি বয়সীদের মাত্র সাত দশমিক ছয় শতাংশ সরকারের অবসরকালীন ভাতা পান। বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়লগ-সিপিডির হিসাবে, এর বাইরে ১০ ভাগ বেসরকারি চাকরিজীবীর প্রভিডেন্ট বা গ্রাচ্যুইটি ফান্ডের সুবিধা আছে। আর ৪০ শতাংশ বয়স্ক মানুষ সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতাভোগী, যার মাসিক হার ৬০০ টাকা মাত্র। এমন পরিস্থিতিতে ২০০৮ সালের নির্বাচনি ইশতেহারে আওয়ামী লীগ সর্বজনীন পেনশন স্কিম চালুর প্রতিশ্রুতি দেয়। টানা ক্ষমতায় থাকলেও ১৫ বছর পর এসে সেটি তারা বাস্তবায়ন করে। গত বছরের ১৭ আগস্ট এই কর্মসূচির আওতায় মোট চারটি স্কিম চালুর ঘোষণা দেয়া হয়। সেগুলো হলো: বেসরকারি চাকরিজীবীদের জন্য `প্রগতি'; রিকশাচালক, কৃষক, শ্রমিক-সহ অপ্রাতিষ্ঠানিক খাতে নিয়োজিতদের জন্য `সুরক্ষা', নিম্ন আয়ের মানুষদের জন্য `সমতা' আর প্রবাসীদের জন্য `প্রবাস'। মাসে নির্ধারিত হারে চাঁদা দিয়ে এই স্কিমগুলোতে অংশ নিতে পারেন ১৮ থেকে ৫০ বছর বয়সীরা। ৬০ বছর বয়সের পর থেকে তারা চাঁদার উপর নির্ভর করে প্রতি মাসে নির্দিষ্ট হারে আমৃত্যু মাসিক পেনশন পাবেন। জাতীয় পেনশন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান কবিরুল ইজদানী খান ডয়চে ভেলেকে জানান, ফেব্রুয়ারি পর্যন্ত ২৭ হাজারের বেশি মানুষ সর্বজনীন পেনশন স্কিমে অংশ নিয়েছেন। মোট জমা পড়েছে ৩৫ কোটি টাকার বেশি অর্থ। প্রায় সাড়ে ছয় মাসের এই হিসাব বিশ্লেষণ করলে দেখা যায়, গড়ে প্রতি মাসে চার হাজারের কিছু বেশি মানুষ হিসাব খুলেছেন। স্থানীয় গণমাধ্যমগুলোর খবর অনুযায়ী, প্রথম মাসেই ১২ হাজার ৮৮৯ জন গ্রাহক অংশ নিয়েছেন, পরবর্তী মাসগুলোতে যেই সংখ্যা বরং কমেছে। কবিরুল ইজদানী খান জানান, এখন পর্যন্ত সবচেয়ে বেশি নিবন্ধন হয়েছে বেসরকারি কর্মচারীদের `প্রগতি' স্কিমে। ফেব্রুয়ারি পর্যন্ত এই স্কিমে প্রায় নয় হাজার জন টাকা জমা দিয়েছেন। আর স্বকর্ম ও অপ্রাতিষ্ঠানিক খাতে নিযুক্তদের `সুরক্ষা' স্কিমে প্রায় সাড়ে আট হাজার জন টাকা জমা দিয়েছেন। অর্থাৎ, বাকি দুই স্কিমে যুক্ত হয়েছেন ১০ হাজারেরও কম। অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেনের মতে দরিদ্রদের জন্য চালু করা `সুরক্ষা' স্কিমটিতে সাড়া পাওয়ার সম্ভাবনা শুরু থেকেই ছিল না। যদিও সেখানে চাঁদাদাতার ৫০০ টাকার সাথে সমপরিমাণ টাকা সরকার দেবে বলে জানিয়েছে। কিন্তু প্রতি মাসে সেই অর্থটুকু দেয়াও দরিদ্রদের পক্ষে সম্ভব নয় বলে মনে করেন বাংলাদেশে বিশ্বব্যাংকের সাবেক এই মুখ্য অর্থনীতিবিদ। তিনি বলেন, ``সবকিছু ভরসাযোগ্য থাকলেও তাদের পক্ষে এখানে অংশগ্রহণ করা কঠিন। কারণ, সেই উদ্বৃত্ত অর্থটুকুও তাদের কাছে নেই। একই পরিস্থিতি বলা চলে অপ্রাতিষ্ঠানিক খাতে কর্মরতদেরও।'' অন্যদিকে সতর্ক বেসরকারি চাকরিজীবীরা, কাঙ্ক্ষিত

সাড়া মিলছে না প্রবাসীদের কাছ থেকেও। এমন পরিস্থিতিতে ১০ কোটি মানুষকে পেনশন স্কিমের আওতায় আনার যে লক্ষ্য কর্তৃপক্ষ নির্ধারণ করেছে তা কবে নাগাদ পূরণ হবে সেটি নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। জানতে চাইলে কবিরুল ইজদানী খান বলেন, ``সর্বজনীন পেনশন স্কিম বাধ্যতামূলক স্কিম নয়। এটি স্বেচ্ছাধীন। আমাদের প্রাথমিক পরিকল্পনা অনুযায়ী, দেশের প্রায় ১০ কোটি মানুষকে সর্বজনীন পেনশন স্কিমের আওতায় আনা। তবে এ লক্ষ্য অর্জন সময় সাপেক্ষ। একটি নতুন ধারণা যাতে জনগণের কাছে গ্রহণযোগ্যতা পায় সে বিষয়ে জাতীয় পেনশন কর্তৃপক্ষ কাজ করে যাচ্ছে।'' পেনশন স্কিম নিয়ে শুরুতে মানুষের আগ্রহের কমতি ছিল না। ১৭ আগস্ট পেনশন স্কিম চালুর খবর নিয়ে ডয়চে ভেলের ফেসবুক পোস্টের মন্তব্যে অনেকেই উদ্যোগটিকে স্বাগত জানিয়েছেন। কারো কারো মন্তব্যে উদ্যোগের উদ্দেশ্য নিয়ে সন্দেহ ও আস্থাহীনতার বিষয়টিও উঠে এসেছে।

বেসরকারি চাকরিজীবী ফরিদ ডয়চে ভেলেকে জানিয়েছেন পেনশন স্কিমে অ্যাকাউন্ট খোলার ব্যাপারে তিনি এখনও আগ্রহ বোধ করছেন না। সঞ্চয়ের জন্য বরং তিনি ব্যাংকের ফিক্সড ডিপোজিটই আকর্ষণীয় মনে করেন, যেখানে নয় শতাংশ হারে মুনাফা পাচ্ছেন। ফরিদ বলেন, ``পেনশন স্কিমে এখন টাকা দিলে ৩০ বছর পর আমি তার রিটার্ন পাব। আমার জমা দেয়া টাকা থেকে সব মিলিয়ে কত রিটার্ন পাব সেই হিসাব আমার কাছে স্পষ্ট না। সেসময় গিয়ে পেনশন স্কিমের কী পরিস্থিতি হয় তার কি কোনো নিশ্চয়তা আছে? আর ব্যাংকে ফিক্সড ডিপজিট রাখলে একটি নির্দিষ্ট মেয়াদের পর আমি টাকাটা তুলতে পারছি। আমার প্রয়োজনের সময়ও সেই টাকা ব্যবহার করতে পারছি। কিন্তু পেনশন স্কিমে তো সেই সুযোগ নেই।'' `প্রগতি' স্কিমটিতে অংশ নিয়ে তার মতো বেসরকারি চাকরিজীবীরা মাসে দুই হাজার থেকে ১০ হাজার টাকা পর্যন্ত চাঁদা দিয়ে তিন হাজার ৬০ টাকা থেকে শুরু করে তিন লাখ ৪৪ হাজার টাকা পর্যন্ত মাসিক অবসর ভাতা পেতে পারেন। অন্যদিকে বিদেশে অবস্থানরত বাংলাদেশিরা নির্ধারিত হারে বৈদেশিক মুদ্রায় চাঁদা দিয়ে `প্রবাস' স্কিমে অংশ নিতে পারেন। সৌদি প্রবাসী আবুল বাসার জানান, ভবিষ্যৎ নিশ্চয়তার জন্য এই উদ্যোগকে তিনি দরকারি মনে করলেও আস্থা পাচ্ছেন না। বাসার ডয়চে ভেলেকে বলেন, ``সরকার বদল হলে এক সরকারের উদ্যোগ অন্য সরকার বাতিল করে দেয় এমন অনেক নজির আমাদের দেশে আছে। এখন টাকা রেখে ২০ বছর পর সেই টাকা আমি ফেরত পাব কিনা তার নিশ্চয়তা কী?'' নাগরিকদের এসব প্রশ্নের যথেষ্ট উত্তর নেই বলে মনে করেন ড. জাহিদ হোসেন। তিনি বলেন, ``তারা জানতে চায় এই ফান্ডটি কারা ম্যানেজ করবে? এখন পর্যন্ত আমরা যতদূর জানি একটি পেনশন কর্তৃপক্ষ গঠন করা হয়েছে, অর্থ মন্ত্রণালয়ে যার অবস্থান এবং ব্যুরোক্রেসি দিয়েই একে চালানো হবে। তখন পরের প্রশ্নটি আসে যদি আমার টাকা না দিতে পারে, এই টাকাটা যে আমি দিচ্ছি এটা কোথায় থাকবে? সেটার জবাব দেয়াতো কঠিন। প্রশ্ন আসে এই প্রতিষ্ঠান যদি মিসম্যানেজড হয় এবং আমার টাকাটা সরকারি বাজেটে চলে যায় এবং সেখানে সরকার খরচ করে ফেলে এবং আমি যখন টাকাটা পাওয়ার বয়সে যাব, তখন যদি সরকারের টাকা না থাকে, তাহলে কী হবে? আমি তখন কোথায় যাব? ঐ প্রশ্নের জবাব তো কঠিন।'' এই অর্থনীতিবিদের মতে, সরকারি প্রতিষ্ঠানের উপর মানুষের আস্থার অভাব আছে। স্বাধীন না হওয়ায় এই টাকাগুলো তারা কতটা দক্ষভাবে ব্যবস্থাপনা করতে পারবে তা নিয়ে প্রশ্ন আছে।

তবে পেনশন কর্তৃপক্ষের প্রধান বলছেন, কর্মসূচিটির গ্যারান্টর যেহেতু রাষ্ট্র তাই জনগণের অর্থ ফেরত পাওয়া নিয়ে সংশয় বা ঝুঁকির কোনোই কারণ নেই। জনগণকে তারা সেটি বোঝানোর চেষ্টা করছেন। সরকার পেনশন স্কিমের অর্থ ব্যবহার করতে পারবে কি না এ বিষয়ে জানতে চাইলে কবিরুল ইজদানী খান বলেন, ``সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইনের ১৬ ধারায় সর্বজনীন পেনশন তহবিলের উল্লেখ রয়েছে। আইনের ১৮ ধারায় বলা হয়েছে যে, এই তহবিল ব্যবস্থাপনা এবং এর সুষ্ঠু ও নিরাপদ বিনিয়োগ এর জন্য একটি বিধিমালা থাকবে। আমরা এরই মধ্যে এ বিধিমালার খসড়া প্রস্তুত করেছি। আশা করছি শিগগিরই এই বিধিমালা পাস ও কার্যকর হবে। বিনিয়োগ কমিটির মাধ্যমে এই তহবিলের বিনিয়োগ হবে, বিধায় এই অর্থ সরকার সরাসরি ব্যবহার করতে পারবে না। '' তিনি জানান এখন পর্যন্ত জমাকৃত টাকা তারা `সবচেয়ে নিরাপদ ও লাভজনক দীর্ঘমেয়াদি সরকারি ট্রেজারি বন্ডে' বিনিয়োগ করেছেন। মোট ৩১ কোটি টাকা ট্রেজারি বন্ডে বিনিয়োগ করা হয়েছে।

পেনশন স্কিমের আওতা বাড়াতে সম্প্রতি বেসরকারি ব্যাংকের কর্মীদের উদ্বুদ্ধ করতে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকদের নির্দেশনা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। অন্যদিকে স্বশাসিত, স্বায়ত্তশাসিত এবং রাষ্ট্রায়ত্ত সংস্থার নতুন কর্মচারী যারা এ বছরের ১ জুলাইয়ের পর যোগ দেবেন তাদের সর্বজনীন পেনশন স্কিমে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। সিপিডির বিশেষ ফেলো ড. মোস্তাফিজুর রহমান এ প্রসঙ্গে ডয়চে ভেলেকে বলেন, ``সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানগুলোতে সরকার আইনের বলে কর্মচারীদের এই স্কিমে আওতায় নিয়ে আসতে পারবে। কিন্তু তারা আর কতজন?'' তার মতে সাধারণ মানুষকে এই স্কিমের আওতায় আনা তিনটি বিষয়ের উপর নির্ভর করবে। প্রথমত, যথেষ্ট প্রচার কার্যক্রম চালানো, যা শুরুতে গুরুত্ব দিয়ে করা হয়নি। দ্বিতীয়ত, অর্থনৈতিক স্থিতিশীলতা ফেরানো ও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা। তিনি বলেন, ``আমার মনে হয় এটা এমন একটা সময়ে চালু করা হয়েছে যখন উচ্চ মূল্যস্ফীতির কারণে শুধু স্বল্প আয়ের নয় মধ্যম আয়ের মানুষের ক্রয়ক্ষমতারও অবনমন হয়েছে। এখানে তাদের এগিয়ে

আসার ক্ষেত্রে সংকোচ রয়ে গেছে। উদ্যোগটা ভালো কিন্তু যেই সময়ে এটা চালু করা হয়েছে সেটা খুবু উপযুক্ত না। অর্থনীতি স্থিতিশীল হলে এবং মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আসলে তখন মানুষ হয়ত উৎসাহী হবে।'' তৃতীয়ত, সরকারি কর্মচারীদের দিয়েই এটি পরিচালনা করা হচ্ছে উল্লেখ করে এর কাঠামোগত পরিবর্তনের উপর জোর দেন এই অর্থনীতিবিদ। নিজেদের লক্ষ্য বাস্তবায়নে তিনটি চ্যালেঞ্জ দেখছে জাতীয় পেনশন কর্তৃপক্ষও। কবিরুল ইজদানী খান বলেন, ``প্রথমত, আমাদের দেশের মানুষের দীর্ঘমেয়াদি বিনিয়োগের অভ্যাস নেই। আমাদেরকে সর্বজনীন পেনশন স্কিমের সুযোগ-সুবিধাগুলো মানুষকে বোঝাতে হবে এবং তাদের এই বিনিয়োগ উদ্বুদ্ধ ও অভ্যস্ত করতে হবে। দ্বিতীয়ত, সর্বজনীন পেনশন স্কিম সংক্রান্ত সেবাগুলোকে সম্পূর্ণ অনলাইন প্লাটফর্মের মাধ্যমে নাগরিকের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। এজন্য আমাদেরকে একটি সুশৃঙ্খল, সহজ ও সময়োপযোগী অনলাইন প্লাটফর্ম প্রস্তুত করতে হবে। তৃতীয়ত, সর্বজনীন পেনশন তহবিলের অর্থ যাতে যথাসম্ভব নিরাপদ ও সর্বোচ্চ মুনাফার জন্য বিনিয়োগ করা যায়, তা নিশ্চিত করতে হবে।'' পেনশন স্কিমে মানুষকে উদ্বুদ্ধ করতে এবং আরো বেশি মানুষকে এর আওতায় আনতে প্রচার কার্যক্রম চালানোর কথা জানান তিনি। পাশাপাশি প্রবাস স্কিমের পেমেন্ট পদ্ধতি সহজ করায় সেখানে আরও বেশি সাড়া পাওয়া যাবে বলে আশা করছেন তিনি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৮.০৩.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### দীর্ঘ ১৫ ঘণ্টা পর চট্টগ্রামের সাথে সারাদেশে ট্রেন যোগাযোগ স্বাভাবিক হয়েছে

কুমিল্লার নাঙ্গলকোর্টে বিজয় এক্সপ্রেস ট্রেন লাইনচ্যুত হওয়ার ১৫ ঘণ্টা পর ডাউন লাইনে ট্রেন চলাচল স্বাভাবিক হয়েছে। তবে এখনো লাইনচ্যুত হওয়া নয়টি বগির একটিও উদ্ধার করা সম্ভব হয়নি। সোমবার ভোর পৌনে পাঁচটায় ঢাকা-চট্টগ্রাম রেল পথে দুর্ঘটনা কবলিত রেললাইন সাময়িক মেরামতের পর চট্টগ্রাম মুখী ডাউন লাইন দিয়ে ট্রেন চলাচল শুরু হয়। বিভাগীয় রেল ব্যবস্থাপক সাইফুল ইসলাম জানান বিজয় এক্সপ্রেস ট্রেন লাইনচ্যুত হওয়ার পর আপ লাইন একেবারেই চূর্ণ-বিচূর্ণ হয়ে গেছে। বগিগুলোর বেশিরভাগই ডাউন লাইনে ছিটকে পড়েছে। রোববার সন্ধ্যা সাতটার দিকে দুটি রিলিফ ট্রেন উদ্ধার কাজ শুরু করে। দীর্ঘ চেষ্টার পর ডাউন লাইনের উপরে পড়া বগিগুলো ট্রেনের লাইন থেকে সরানো হয়েছে। এখন ট্রেন চলাচল স্বাভাবিক রয়েছে। এর আগে রোববার বেলা দুইটার দিকে নাঙ্গলকোর্টে বিজয় এক্সপ্রেস ট্রেন লাইনচ্যুত হয়। ট্রেনের ১৮টি বগির মধ্যে ইঞ্জিনের সঙ্গে নয়টি বগি লাইনচ্যুত হয়ে ছিটকে পড়ে যায়। এতে সারাদেশের সঙ্গে চট্টগ্রামের রেল যোগাযোগ বন্ধ হয়ে যায়। ক্ষতিগ্রস্ত হয় প্রায় ৫০০ মিটার রেললাইন। ঘটনা তদন্তে রেলওয়ে কর্তৃপক্ষ পূর্বাঞ্চলের চট্টগ্রাম বিভাগীয় পরিবহন কর্মকর্তা আনিসুর রহমান প্রধান করে ৫ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ আসাদ)

### জবি শিক্ষার্থী অবন্তিকার মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে নতুন ছয় দাবি দিয়েছেন শিক্ষার্থীরা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থী ফাইরুজ অবন্তিকার মৃত্যুর ঘটনায় সাবেক প্রক্টর মোস্তফা কামালকে তদন্ত সাপেক্ষে জবাবদিহির আওতায় আনা-সহ নতুন ছয় দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। রোববার রাতে ক্যাম্পাসে এক মশাল মিছিল শেষে এই দাবি উত্থাপন করেন শিক্ষার্থীরা । দাবিগুলো হলো অবিলম্বে তদন্ত করে জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে ছাত্র আম্মান সিদ্দিকী ও শিক্ষক দিন ইসলামকে স্থায়ী বহিষ্কার করতে হবে। অভিযুক্তদের সঙ্গে সংশ্লিষ্ট তৎকালীন প্রক্টোরিয়াল বডি সাবেক প্রক্টর মোস্তফা কামাল-সহ সবাইকে তদন্তের সাপেক্ষে জবাবদিহিতার আওতায় আনতে হবে। পূর্বে ঘটে যাওয়া সকল নিপীড়নের বিচার দ্রুত সময়ের মধ্যে নিশ্চিত করতে হবে। দ্রুত সময়ে নিরপেক্ষ নিপীড়ন দমন সেল গঠন করতে হবে এবং প্রতিটি বিভাগে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের স্পেশালিস্ট মনো বিশেষজ্ঞ নিয়োগ দিতে হবে। প্রশাসনের দেওয়া প্রতিশ্রুতি আগামী সাত কর্ম দিবসের মধ্যে বাস্তবায়ন করতে হবে। (রেডিও টুডে:৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ আসাদ)

### ময়মনসিংহের ত্রিশালে পুলিশের তিন কর্মকর্তাকে কুপিয়ে এক আসামিকে ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে

ময়মনসিংহের ত্রিশালে পুলিশের তিন কর্মকর্তাকে কুপিয়ে গ্রেফতারি পরোয়ানাভুক্ত আসামিকে ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে। আহত পুলিশ কর্মকর্তাদের ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেয়া হচ্ছে। তাদের মধ্যে একজনের অবস্থা গুরুতর বলে জানা গেছে। রোববার রাত সাড়ে দশটার দিকে ত্রিশালের ধানি খোলা ইউনিয়নের শিমুলিয়াপাড়া এলাকায় এই ঘটনা ঘটে। আহত পুলিশ কর্মকর্তার হলেন এসআই ইসমাইল হোসেন, এএসআই গোলাম রসূল ও এএস আই রাকিব। তারা সবাই ত্রিশাল থানায় কর্মরত আছেন।

(রেডিও টুডে:৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ আসাদ)

### দুর্বৃত্তদের গুলিতে পাবনা সদর উপজেলায় চরমপন্থি দলের সাবেক এক সদস্য নিহত

পাবনা সদর উপজেলায় আব্দুর রাজ্জাক শেখ নামে চরমপন্থি দলের সাবেক ১ সদস্যকে গুলি করা হত্যা করেছে দুর্বৃত্তরা। রোববার রাত এগারোটার দিকে উপজেলার গয়েশপুর ইউনিয়নের মানিক নগর বাজার মোড়ে এই ঘটনার ঘটে। নিহত আব্দুর রাজ্জাক গয়েশপুর ইউনিয়নের হরিনারায়ণপুর গ্রামের মৃত আজিজুল শেখের ছেলে। তিনি নিষিদ্ধ

ঘোষিত চরমপন্থি  সংগঠন পূর্ববাংলা সর্বহারা পার্টির সদস্য ছিলেন। প্রত্যক্ষদর্শীরা জানান রোববার রাতে তারাবির নামাজের পর মানিকনগর বাজারের একটি চায়ের দোকানে বসে ছিলেন রাজ্জাক। এমন সময় দুটি মোটরসাইকেল যোগে পাঁচ থেকে ছয় জন মুখোশধারী যুবক এসে তাকে পরপর তিনটি গুলি করে পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে পাবনা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত্যু ঘোষণা করেন।
(রেডিও টুডে:৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪  আসাদ)

## নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে ডাকাত সন্দেহে স্থানীয়দের পিটুনিতে চারজন নিহত

নারায়ণগঞ্জের সোনারগাঁও উপজেলায় ডাকাত সন্দেহ গ্রামবাসীর পিটুনিতে অন্তত চারজন নিহত হয়েছেন। রোববার রাত একটার দিকে উপজেলার সাদিপুর ইউনিয়নের বাগরি গ্রামে এই ঘটনা ঘটে বলে জানিয়েছেন জেলা পুলিশের মুখপত্র অতিরিক্ত পুলিশ সুপার জাই লাউ মারমা। তিনি জানান তিনজন ঘটনাস্থলে মারা গেছেন। একজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হলে তিনি সেখানে মারা যান। এছাড়াও আহত অবস্থায় অপর একজনকে ঢাকার পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়েছে। পুলিশ ও স্থানীয়রা জানিয়েছে বাগরি গ্রামের পাগড়ি বিলে কয়েকজন অপরিচিত ব্যক্তিকে দেখে ডাকাত বলে সন্দেহ করেন গ্রামবাসী। পরে স্থানীয় মসজিদের মাইকে গ্রামে ডাকাত পড়েছে বলে ঘোষণা দিলে গ্রামবাসী বিলের সামনে জড়ো হন। তাদের ধাওয়ায় ওই ব্যক্তিরা বিলের পানিতে ঝাঁপিয়ে পড়েন। পরে স্থানীয়রা তাদের মধ্যে পাঁচজনকে ধরে পিটুনি দিলে তিনজনই ঘটনাস্থলে মারা যান।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৮.০৩.২০২৪  আসাদ)

## গাজীপুরের কালিয়াকৈরে অগ্নিদগ্ধের ঘটনায় আরো চারজন মারা গেছেন

গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডারের লিকেজ থেকে আগুনের ঘটনায় দুই শিশুসহ আরও চারজনের মৃত্যু হয়েছে। তারা হলেন জহিরুল ইসলাম কুটি, মোতালেব হোসেন, সোলায়মান ও গোলাম রাব্বি। এ নিয়ে ওই আগুনের ঘটনায় এ পর্যন্ত ১০ জন মারা গেলেন। সোমবার ভোরে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আইসিইউতে মারা যান সোলায়মান ও রাব্বি। এর আগে রাত দেড়টার দিকে বার্ন ইনস্টিটিউটের আইসিইউতে মারা যান জহিরুল ইসলাম ও রাত তিনটার দিকে পোস্টঅপারেটিভ ওয়ার্ডে মারা যান মোতালেব হোসেন। বার্ন ইনস্টিটিউট জরুরি বিভাগের আবাসিক সার্জন ডা. তরিকুল ইসলাম জানান সোলাইমানের শরীরের আশি শতাংশ, রাব্বির নব্বই শতাংশ, মোতালেবের শরীরের ৯৫ শতাংশ এবং জহিরুলের৬৫ শতাংশ দগ্ধ হয়েছিল।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৮.০৩.২০২৪  আসাদ)

## জবি শিক্ষার্থী অবন্তিকার মৃত্যুর ঘটনায় গ্রেপ্তার দুজনকে রিমান্ডে পাঠিয়েছেন  আদালত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী  ফাইরুজ সাদাফ অবন্তিকা কে আত্মহত্যার প্ররোচনায় মামলার দুই আসামিকে রিমান্ডে  দিয়েছেন আদালত। বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দ্বীন ইসলামকে একদিনের এবং আইন বিভাগের শিক্ষার্থী আম্মান সিদ্দিকীকে দুই দিনের রিমান্ডে দিয়েছেন আদালত। সোমবার সকাল পৌনে এগারোটার দিকে মামলার আসামি বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দীন ইসলাম ও আইন বিভাগের শিক্ষার্থী আম্মান সিদ্দিকীকে আদালতে আনা হয়। মামলার তদন্ত কর্মকর্তা কুমিল্লা কোতোয়ালি থানার পরিদর্শক শিবেন বিশ্বাস গণমাধ্যমকে এ কথা জানান। আম্মানের পাঁচ দিন ও দিন ইসলামের দুই দিন রিমান্ড আবেদন করেন পুলিশ। সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবু বক্কর সিদ্দিক আম্মানকে দুই দিনও দ্বীন ইসলামকে একদিনের রিমান্ড দেন এবং আগামী সাত কার্য দিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিলের আদেশ দেন।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৮.০৩.২০২৪  আসাদ)

## একীভূত হল এক্সিম  ও পদ্মা ব্যাংক

দেশে প্রথমবারের মতো একীভূত হয়েছে শরিয়াহ ভিত্তিক এক্সিম ব্যাংকের সঙ্গে দুর্দশাগ্রস্ত পদ্মা ব্যাংক। সোমবার বেসরকারি খাতের ব্যাংক দুটির মধ্যে একীভূত হওয়ার চুক্তি সই হয়েছে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদারের উপস্থিতিতে এ সময় কর্মকর্তাদের পাশাপাশি দুই ব্যাংকের উদ্যোক্তারাও উপস্থিত ছিলেন। দুর্বল ব্যাংক একীভূত করতে বাংলাদেশ ব্যাংকের সাম্প্রতিক উদ্যোগের পর দুটি ব্যাংকের একীভূত হওয়ার এটি প্রথম সিদ্ধান্ত। এসময় এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার জানান পদ্মা ব্যাংকের সব দায় অধিগ্রহণ করেছে এক্সিম ব্যাংক। তবে এই  প্রক্রিয়ার ফলে ব্যাংকের আমানতকারী ও শেয়ার হোল্ডারদের কোনো সমস্যা হবে না। ব্যাংকটিকে একীভূত করার কারণে নতুন কার্যক্রম চলবে এক্সিম ব্যাংকের নামে। একীভূত করা হলেও কোন এমপ্লয়ি চাকরি হারাবে না  বলেও আশ্বাস দেন এক্সিম ব্যাংকের চেয়ারম্যান। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৮.০৩.২০২৪  আসাদ)

## ইফতার পার্টিতে আল্লাহর নাম না নিয়ে আওয়ামী লীগের গীবত গায়: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতির কারণে কৃচ্ছ্রতা সাধনের জন্য ইফতার পার্টির আয়োজন বন্ধ করে সাধারণ মানুষের কাছে ইফতার বিলি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যারা আগুন সন্ত্রাসী তারা ইফতার পার্টির নামে নিজেরা ইফতার খায় মানুষের পাশে দাঁড়ায় না। ইফতার পার্টিতে নিজেরা ইফতার খেয়ে আল্লাহ ও রাসুলের নাম

না নিয়ে আওয়ামী লীগের গীবত করে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে সোমবার দলের তেজগাঁও অফিসে আলোচনা সভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। শেখ হাসিনা বলেন যাদের জন্মই গণতান্ত্রিক নয় তারাই গণতন্ত্রের কথা বলে। (রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ রুবাইয়া)

## বেগম খালেদা জিয়ার সাজা স্থগিত এর মেয়াদ বাড়ছেঃ আইনমন্ত্রী

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার সাজা স্থগিত এর মেয়াদ বাড়ছে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেছেন আইনি বাধ্যবাধকতা থাকার কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা চাইলেও খালেদা জিয়া বিদেশে চিকিৎসা নিতে পারবেন না। সোমবার দুপুরে সচিবালয়ে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, খালেদা জিয়ার সাজা স্থগিত এর মেয়াদ আবারও বাড়ছে তিনি দেশে থেকে বিদেশি চিকিৎসক দিয়ে চিকিৎসা নিতে পারবেন কিন্তু বিদেশে যেতে পারবেন না। আগের দুই শর্তে বেগম জিয়ার সাজা স্থগিত এর আদেশ বাড়ানো ছাড়া আর কোনো উপায় নেই বলে মন্তব্য করেন মন্ত্রী। (রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ রুবাইয়া)

## বঙ্গবন্ধুর নাম এ বাংলার মাটি থেকে মুছে ফেলার সাধ্য কারো নেইঃ ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বঙ্গবন্ধুর নাম এ বাংলার মাটি থেকে মুছে ফেলার সাধ্য কারও নেই। উত্তাল সমুদ্রে অমানিশায় তিনি আমাদের বিশ্বাসের বাতিঘর। এই বাতিঘর চিরদিন আমাদের চলার পথ দেখাবে। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে যে সোনার বাংলা গড়ার লড়াই চলছে সে লড়াইকে আমরা নিয়ে যাব বিজয়ের সোনালী বন্দরে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে সোমবার তেজগাঁওএ ঢাকা জেলা আওয়ামী লীগ আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। ওবায়দুল কাদের বলেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা দৈনিক ৩ থেকে সাড়ে তিন ঘণ্টা ঘুমান। বাকি সময় তিনি দেশকে নিয়ে ভাবেন।
(রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ রুবাইয়া)

## বন্ধুরাষ্ট্রের সহায়তায় যে আওয়ামী লীগ ক্ষমতায় এসেছে তা স্পষ্টঃ মঈন খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ডক্টর আব্দুল মঈন খান বলেছেন বন্ধুরাষ্ট্রের সহায়তায় যে আওয়ামী লীগ ক্ষমতায় এসেছে ইন্ডিয়ায় আইআরআই ও ইইউ-এর প্রতিবেদনে তা স্পষ্ট। সরকার যদি বন্ধু রাষ্ট্রের সহায়তায় একদলীয় সরকার গঠন করে তাহলে বিএনপি ও গণতান্ত্রিক সরকার গঠনে বন্ধু রাষ্ট্রের সহায়তা চায়। সোমবার সদ্য কারামুক্ত বিএনপি'র নির্বাহী কমিটির সদস্য শেখ রবিউল আলম এবং ঢাকা মহানগর উত্তর বিএনপির যুগ্ম আহ্বায়ক আনারুজ্জামান আনোয়ার -এর বাসায় সৌজন্য সাক্ষাৎ শেষে এ কথা বলেন মঈন খান। তিনি বলেন নেতাকর্মীদের কারারুদ্ধ করে গণতান্ত্রিক আন্দোলন দমন করতে চেয়েছে সরকার। তবে দেশের মানুষকে জেল-জুলুম, মিথ্যা মামলায় গুম-খুন করে গণতান্ত্রিক আন্দোলন বন্ধ করা যাবে না। (রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ রুবাইয়া)

## তথ্য চাইতে গিয়ে কোনো ধরনের হয়রানির শিকার না হন সেটা নিশ্চিত করতে হবেঃ তথ্য প্রতিমন্ত্রী

তথ্য ও প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বলেছেন সাংবাদিকরা যাতে তথ্য চাইতে গিয়ে কোনো ধরনের হয়রানির শিকার না হন সেটা নিশ্চিত করা হবে। সোমবার তথ্য ভবনে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট হতে আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন অপতথ্য গণমাধ্যম গণতন্ত্রের জন্য হুমকি এটা প্রতিরোধ করতে হবে। সাংবাদিকরা সরকারকে ভুল ধরিয়ে দেবেন সাংবাদিকদের কল্যাণে ও সুরক্ষায় কাজ করে যাবে সরকার। (রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ রুবাইয়া)

## শ্রম আইন লঙ্ঘনের মামলায় ডঃ ইউনূসের সাজা স্থগিতের আদেশ অবৈধ ঘোষণা করেছে হাইকোর্ট

শ্রম আইন লঙ্ঘনের মামলায় ডক্টর ইউনূস-এর সাজা স্থগিত এর আদেশ অবৈধ ঘোষণা করেছে হাইকোর্ট। সোমবার দুপুরে বিচারপতি নজরুল ইসলাম তালুকদার-এর নেতৃত্বাধীন হাইকোর্টের এক দ্বৈত বেঞ্চ এই আদেশ দেন। এর ফলে ডক্টর ইউনুস-সহ চার আসামি দোষী সাব্যস্ত থাকবেন। তবে আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ডক্টর ইউনুস-সহ চার আসামির জরিমানা এবং টাকা পরিশোধের যে নির্দেশ তা স্থগিত থাকবে।
(রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ রুবাইয়া)

## সিলেটে মেয়ে বাড়িতে যাওয়ার সময় এক পরিবারের চারজন নিহত

সিলেটে মেয়ে বাড়িতে যাওয়ার সময় তাদের বহনকারী লেগুনা ও একটি মিনি ট্রাকের সংঘর্ষে এক পরিবারের চারজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরো চারজন। তাদের সিলেট ওসমানী স্মৃতি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। ধারণা করা হচ্ছে নিহতের সংখ্যা বাড়তে পারে। সোমবার দুপুরে জেলার জৈন্তাপুর উপজেলার দরবস্তা পল্লী বিদ্যুৎ অফিসের সামনে এই সড়ক দুর্ঘটনা ঘটে। এদিকে দুর্ঘটনার পর স্থানীয় লোকজন বিক্ষুব্ধ হয়ে ঘটনাস্থল প্রায় দেড় ঘণ্টা সড়ক অবরোধ করেন। দুপুরে জৈন্তাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

তাজুল ইসলাম বলেন ঘটনাস্থল থেকে লেগুনা ও একটি গরু-সহ একটি পিকআপ আটক করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৮.০৩.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

### বোনের পর শিশু তাওহীদকেও বাঁচানো গেলো না, মৃত্যু বেড়ে ১১

গাজীপুরের কালিয়াকৈরে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে দুগ্ধ শিশু তাওহীদের (৭) মৃত্যু হয়েছে। সোমবার (১৮ মার্চ) সন্ধ্যা পৌনে ৭টার দিকে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের হাই ডিপেন্ডেন্সি ইউনিটে (এইচডিইউ) চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এর আগে বিস্ফোরণে দগ্ধ তাওহীদের ছোট বোন তাইবারও (৩) মৃত্যু হয়েছে। এ নিয়ে ওই ঘটনায় মৃত্যু বেড়ে দাঁড়ালো ১১ জনে। শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক ডা. মো. তরিকুল ইসলাম জানান, সন্ধ্যা পৌনে ৭টার দিকে তাওহীদের মৃত্যু হয়। তার শরীরে ৮০ শতাংশ দগ্ধ ছিল। নিহত তাওহীদ ময়মনসিংহের ফুলবাড়িয়া থানার ভাটিপাড়া গ্রামের সজল মিয়ার সন্তান। তিনি গাড়ি চালান। কালিয়াকৈরের তেলিরচালা এলাকায় ভাড়া থাকেন তারা। তাওহীদরা দুই ভাই-বোন ছিল। তাওহীদের মা সুমাইয়া আক্তার গার্মেন্টসকর্মী। এর আগে ১৩ মার্চ সন্ধ্যা পৌনে ৬টার দিকে কালিয়াকৈরের তেলিরচালা এলাকায় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে অন্তত ৩৬ জন দগ্ধ হন। তাদের মধ্যে ৩২ জনকে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়। বিস্ফোরণের ঘটনায় দগ্ধ ৩২ জনের কেউই শঙ্কামুক্ত নন বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, ভর্তি রোগীদের অন্তত ১৬ জনের শতকরা ৮০ শতাংশ দগ্ধ।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

### ইদের পর কারওয়ান বাজারের ঝুঁকিপূর্ণ ভবন ভাঙা হবেঃ মেয়র আতিক

ইদের পর কারওয়ান বাজারে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) পরিত্যক্ত ঝুঁকিপূর্ণ ভবন ভেঙে ফেলা হবে বলে জানিয়েছেন সংস্থাটির মেয়র মো. আতিকুল ইসলাম। তিনি বলেন, কারওয়ান বাজার কাঁচাবাজারের ভবনটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ। যে-কোনো সময় এটি ধসে পড়তে পারে। ঝুঁকিপূর্ণ ভবনের কারণে বহু মানুষের জীবন হুমকিতে। কারওয়ান বাজারস্থ পাইকারি কাঁচাবাজারের এই ব্যবসায়ীদের গাবতলীতে ডিএনসিসির পাইকারি কাঁচাবাজারে স্থানান্তর করা হবে। দ্রুতই গাবতলীতে বরাদ্দ দেওয়া হবে। বরাদ্দ দেওয়া হলে আপনারা যারা আসবেন না তাদের দায় নিজেদের নিতে হবে। বরাদ্দ পাওয়ার পরে কেউ না এলে সেটি নিয়ম অনুযায়ী অন্যজনকে বরাদ্দ দিয়ে দেওয়া হবে। সোমবার (১৮ মার্চ) বিকেলে রাজধানীর গাবতলিতে ডিএনসিসির প্রস্তাবিত কাঁচাবাজারে ডিএনসিসির আওতাধীন কারওয়ান বাজারের কাঁচাবাজারস্থ ব্যবসায়ীদের গাবতলীস্থ আমিনবাজার পাইকারী কাঁচাবাজারে স্থানান্তরের নিমিত্তে আয়োজিত মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মতবিনিময় সভার শুরুতে কারওয়ান বাজারের বিভিন্ন ব্যবসায়ী সমিতির নেতারা গাবতলীতে স্থানান্তরের জন্য তাদের বিভিন্ন সুবিধার বিষয় উল্লেখ করে দাবি তুলে ধরেন।

এ সময় ডিএনসিসি মেয়র বলেন, ঢাকার মিরপুর, উত্তরা, মোহাম্মদপুর একদিনে গড়ে ওঠেনি। সময়ের পরিক্রমায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট নেতৃত্বে ঢাকার উন্নয়ন প্রসারিত হচ্ছে। কারওয়ান বাজার এখন ঢাকার প্রাণকেন্দ্রে। একটি সিটির প্রাণকেন্দ্রে পাইকারি কাঁচাবাজার থাকতে পারে না। ট্রাক আসছে, ট্রাক যাচ্ছে, রাস্তা বন্ধ করে মালামাল নামছে। কোনো ডিসিপ্লিন নেই। রাস্তায় প্রচণ্ড ট্রাফিক জ্যামের সৃষ্টি হয়। কারওয়ান বাজার অত্যন্ত ঝুঁকিপূর্ণ, কোনো নিরাপত্তা নেই। প্রধানমন্ত্রীর নির্দেশ স্মার্ট শহরের কেন্দ্রে ঝুঁকিপূর্ণ এই পাইকারি কাঁচাবাজার থাকতে পারবে না।

মেয়র বলেন, ঢাকা শহরের ওপর দিয়ে মেট্রোরেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, নিচ দিয়ে সুন্দর রাস্তা হয়ে গেছে। সবার সহযোগিতা নিয়ে কারওয়ান বাজারকে সুন্দর করে সাজাতে চাই। আমরা একটি কমিটি করে দিয়েছিলাম। পর্যায়ক্রমে কারওয়ান বাজারের ব্যবসায়ীদের স্থানান্তর করা হবে। গাবতলীতে যে কাঁচাবাজার রয়েছে সেটি পরিকল্পিতভাবে সব কমপ্লায়েন্স মেইনটেইন করে নির্মাণ করা হয়েছে। অগ্নিনিরাপত্তা নিশ্চিত করে এই ভবন নির্মাণ করা হয়েছে। অগ্নিকাণ্ড ঘটলে এখানে ব্যবস্থা নেওয়া সহজ। ৪টি বহির্গমন পথ রয়েছে। ট্রাক থেকে মালামাল আনলোড করার যথেষ্ট ব্যবস্থা রাখা আছে। আপনাদের জন্য বিশ্রামাগারও করা হয়েছে। আরও যা যা সুবিধা দরকার ব্যবস্থা নেওয়া হবে। এখানে নদীপথেও মালামাল পরিবহন করা যাবে। পাশ দিয়ে আট লেনের সড়ক হচ্ছে। মার্কেট থেকে মেইন রোডের সংযোগসড়ক নির্মাণ করে দিচ্ছি। ইদের আগেই এটি সম্পন্ন করা হবে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

### শেষ মুহূর্তে রিশাদ-ঝড়, সিরিজ বাংলাদেশের

লক্ষ্য খুব বড় ছিল না, ২৩৬ রানের। কনকাশন বদলি হিসেবে নেমে তানজিদ হাসান তামিম খেলে দিলেন ৮১ বলে ৮৪ রানের মারকুটে ইনিংস। তারপরও সিরিজ নির্ধারণী ম্যাচে হারের শঙ্কায় পড়ে গিয়েছিল বাংলাদেশ। ১৩০ রানে ৫ উইকেট হারিয়ে রীতিমত ধুঁকছিল টাইগাররা। সেখান থেকে মুশফিকুর রহিম আর মেহেদী হাসান মিরাজের জুটি। কিন্তু মিরাজ আউট হওয়ার পর আবারও শঙ্কা। সেই শঙ্কা কেটে গেলো রিশাদ হোসেনের শেষ সময়ের টর্নেডো এক

ইনিংসে। ১৮ বলে ৪৮ রানের হার না মানা ইনিংস খেলে দলকে জয়ের পথ গড়ে দিয়েছেন লোয়ার অর্ডারের রিশাদ। শ্রীলঙ্কাকে ৪ উইকেট আর ৫৮ বল হাতে রেখে হারিয়ে তিন ম্যাচ ওয়ানডে সিরিজ ২-১ ব্যবধানে জিতে নিয়েছে বাংলাদেশ। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## আন্দোলনের মুখে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের পদত্যাগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) গৃহবধূ ধর্ষণের ঘটনায় শিক্ষার্থীদের আন্দোলনের মুখে প্রক্টর আ স ম ফিরোজ-উল-হাসান পদত্যাগ করেছেন। তিনি বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের সহযোগী অধ্যাপক। সোমবার (১৮ মার্চ) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু হাসান স্বাক্ষরিত এক অফিস আদেশে প্রক্টর ফিরোজ-উল-হাসানের পদত্যাগের বিষয়টি নিশ্চিত করেছেন। আদেশে বলা হয়, আ স ম ফিরোজ-উল-হাসানের লিখিত অনুরোধের প্রেক্ষিতে তার পদত্যাগপত্র গ্রহণ করে তাকে প্রক্টরের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হলো। এর আগে বিশ্ববিদ্যালয়ের সদ্য বহিষ্কৃত শিক্ষক মাহমুদুর রহমান জনিকে বাঁচাতে ভুক্তভোগী নারীর কাছ থেকে জোর করে দায়মুক্তিপত্র লেখানো এবং সম্প্রতি ক্যাম্পাসে গৃহবধূ ধর্ষণকাণ্ডে দায়িত্ব অবহেলা, ক্যাম্পাসে অপরাধমূলক ঘটনা ধামাচাপা দেওয়াসহ নানা অভিযোগে অভিযুক্ত ছিলেন সহযোগী অধ্যাপক ফিরোজ।

ধর্ষণকাণ্ডের পর পাঁচদফা দাবিতে 'নিপীড়ন বিরোধী মঞ্চের, ব্যানারে আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীদের অন্যতম একটি দাবি ছিল প্রক্টর ফিরোজ-উল-হাসান ও মীর মোশাররফ হোসেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক সাব্বির আলমকে অব্যাহতি প্রদান। আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীদের দাবির মুখে নিপীড়ক শিক্ষক মাহমুদুর রহমান জনিকে চাকরিচ্যুত করে কর্তৃপক্ষ। তবে প্রক্টর ফিরোজ ও প্রাধ্যক্ষ অধ্যাপক সাব্বির আলমের অব্যাহতির দাবিসহ বেশ কয়েকটি দাবিতে লাগাতার প্রশাসনিক ভবন অবরোধ করে রাখেন আন্দোলনকারীরা। পরে গত ১৩ মার্চ আন্দোলনকারীদের সঙ্গে আলোচনায় বসেন উপাচার্য। এসময় প্রক্টর আ স ম ফিরোজ-উল-হাসান ও মীর মোশাররফ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক সাব্বির আলম ১৭ মার্চের মধ্যে স্বেচ্ছায় দায়িত্ব না ছাড়লে নিজ ক্ষমতাবলে তাদের সরিয়ে দেবেন বলে উপাচার্য আশ্বাস দিলে অনির্দিষ্টকালের অবরোধ তুলে নেন। এদিকে সাময়িক প্রক্টর হিসেবে নিয়োগ পেয়েছেন বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক মোহাম্মদ আলমগীর কবীর। অধ্যাপক আলমগীর কবীর আগে ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রাধ্যক্ষের দায়িত্ব পালন করেছেন। তিনি বর্তমানে শহীদ তাজউদ্দীন হলের প্রাধ্যক্ষের দায়িত্বে রয়েছেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## কমছে পিঁয়াজের দাম, ৬০-৭০ টাকা কেজি

ঢাকার বাজারে প্রতি কেজি পিঁয়াজ ৬০ থেকে ৭০ টাকার মধ্যে নেমে এসেছে, যা সপ্তাহে ছিল ১০০ টাকার ওপরে। ভারত থেকে পিঁয়াজ আমদানি ও দেশি পিঁয়াজের সরবরাহ বাড়ায় এ দরপতন ঘটেছে বলে মনে করছেন ব্যবসায়ীরা। সোমবার (১৮ মার্চ) রাজধানীর কয়েকটি বাজার ঘুরে দেখা গেছে এ চিত্র। কারওয়ান বাজারের পিঁয়াজ বিক্রেতা আবু হোসেন বলেন, মোকামেও পিঁয়াজের দাম কমেছে। গত পাঁচদিনের ব্যবধানে পাবনায় পিঁয়াজের দাম অর্ধেক হয়ে গেছে। প্রতি মন পিঁয়াজ ২ হাজার টাকা কমে পাওয়া যাচ্ছে, যা চার-পাঁচদিন আগে সাড়ে তিন হাজারের আশপাশে ছিল। পাইকারি ব্যবসায়ীরা বলছেন, পবিত্র রমজান মাসে বেশি দামে বিক্রির আশায় কিছু অসাধু ব্যবসায়ী পিঁয়াজ মজুত করেছিলেন। এরমধ্যে ভারত থেকে পিঁয়াজ আমদানির ঘোষণা এসেছে। ফলে তারা সেই পিঁয়াজ বাজারে ছাড়ছেন। আবার কৃষকেরাও নতুন পিঁয়াজ বাজারে বিক্রির জন্য তুলতে শুরু করেছেন। ফলে বাজারে পিঁয়াজের সরবরাহ বেড়েছে। অন্যদিকে, গত শুক্রবার (১৫ মার্চ) বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম (টিটু) বলেছিলেন, চলতি সপ্তাহে ভারত থেকে পিঁয়াজের প্রথম ট্রাক আসবে। ভোক্তা দিবসের অনুষ্ঠানে তিনি বলেন, ইচ্ছে ছিল রমজানের আগে এ পিঁয়াজ দেশে আনার। নানা কারণে হয়নি। তবে, এ সপ্তাহে প্রথম ট্রাক বাংলাদেশে আসবে। পর্যায়ক্রমে ৫০ হাজার টন পিঁয়াজ দেশে আসবে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## পিকআপ-লেগুনা মুখোমুখি সংঘর্ষে এক পরিবারের পাঁচজন নিহত

সিলেটের জৈন্তাপুরে পিকআপ ও লেগুনার মুখোমুখি সংঘর্ষে একই পরিবারের পাঁচজন নিহত হয়েছেন। সোমবার (১৮ মার্চ) দুপুর পৌনে ১২টার দিকে সিলেট-তামাবিল মহাসড়কের দরবস্ত এলাকায় এ ঘটনা ঘটে। নিহতরা হলেন উপজেলার চিকনাগুল ইউনিয়নের পশ্চিম ঠাকুরের মাটি গ্রামের সন্তোষ পাত্রের মেয়ে মঙ্গলী পাত্র (৫০), নন্দ পাত্রের স্ত্রী সাবিতি পাত্র, সুচিতা পাত্রের শিশু মেয়ে বিজলী (৬ মাস), কৃষ্ণ পাত্রের স্ত্রী সুস্মিতা পাত্র ও সুকেন্দু পাত্রের ছেলে ঋতু পাত্র। এলাকাবাসী সূত্রে জানা যায়, সোমবার দুপুর পৌনে ১২টার দিকে সিলেট-তামাবিল মহাসড়কের দরবস্ত এলাকায় সিলেট পল্লী বিদ্যুৎ অফিসের সামনে পিকআপ ও লেগুনার মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলে দুজন ও হাসপাতালে নেওয়ার পর আরও তিনজনের মৃত্যু হয়। খবর পেয়ে ঘটনাস্থলে যান জৈন্তাপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলামসহ পুলিশ ফোর্স, তামাবিল হাইওয়ে পুলিশের একটি টিম ও জৈন্তাপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম লিয়াকত আলী। এদিকে দুর্ঘটনার পর সিলেট-তামাবিল মহাসড়ক অবরোধ করে রাখেন

স্থানীয়রা। পরে প্রশাসন ও স্থানীয় নেতাদের আশ্বাসে স্থানীয় জনতা অবরোধ প্রত্যাহার করলে যান চলাচল স্বাভাবিক হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## ইফতার পার্টিতে গিয়েও আওয়ামী লীগের গিবত গায় : প্রধানমন্ত্রী

আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ দেয়, দিতে জানে আর সাধারণ মানুষের পাশে দাঁড়ায়। যারা প্রতিনিয়ত আওয়ামী লীগকে ক্ষমতা থেকে হটাবে, উৎখাত করবে, নির্বাচন হতে দেবে না, মানুষ খুন করে, অগ্নিসন্ত্রাস করে, এখন তারা কিন্তু কোনো মানুষকে ইফতার দেয় না, নিজেরা ইফতার পার্টি খায়। ইফতার পার্টিতে গিয়েও আল্লাহ-রাসুলের (সা.) নাম না নিয়ে আওয়ামী লীগের গিবত গায়। নিজেরা ইফতার খায়, আওয়ামী লীগের গিবত গায়। আর কবে আওয়ামী লীগকে উৎখাত করবে সেটাই দেখে। সোমবার (১৮ মার্চ) দুপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, আমরা ইফতার পার্টি করবো না, এই খাবার সাধারণ মানুষের মাঝে বিলিয়ে দেবো। সারাদেশে একমাত্র আওয়ামী লীগ এবং আমাদের সহযোগী সংগঠন যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও আমাদের নির্বাচিত জনপ্রতিনিধিরা সাধারণ মানুষের মাঝে ইফতার বিলি করছেন। `আপনারা খেয়ে-দেয়ে মাইক একটা লাগিয়ে আওয়ামী লীগ সরকারকে উৎপাত করবেন। আওয়ামী লীগের অপরাধটা কী, এদেশ স্বাধীন করেছে- সেটা অপরাধ? আওয়ামী লীগের অপরাধ কী, গরিব মানুষের পাশে দাঁড়ায়? দেশটা আজ উন্নত করেছে সেটাই কি অপরাধ? তারা যে গণতন্ত্রের কথা বলে, আমরা কিন্তু গণতন্ত্র ফিরিয়ে এনেছি।,

সরকারপ্রধান বলেন, জাতির পিতাকে হত্যার পর নিজেই নিজেকে রাষ্ট্রপতি ঘোষণা করে ক্ষমতায় বসে, ক্ষমতার উৎকৃষ্ট বিলিয়ে যে দলের সৃষ্টি, কোন গণতান্ত্রিক ধারা দিয়ে সে দল তৈরি হয়েছে? এটা কোনো গণতন্ত্রের মধ্যদিয়ে হয়নি, অবৈধভাবে ক্ষমতা দখলের হাত দিয়ে হয়েছে। তারা আবার গণতন্ত্রের ভাষা বোঝে? গণতন্ত্রের অর্থ বোঝে? গণতন্ত্র বানান করতে পারে? সেটাই আমার প্রশ্ন। আপনারা জিজ্ঞেস করেন গণতন্ত্র বানান করতে পারি কি না। সেটাও তারা বুঝবে না। তারা তোতাপাখির মতো বলে যাচ্ছে, গণতন্ত্রের জন্য লড়াই করে। এদেশের গণতন্ত্র ফিরিয়ে দিয়েছে আওয়ামী লীগ, গণতন্ত্র দিয়েছে আওয়ামী লীগ। গণতন্ত্র চর্চা করে আওয়ামী লীগ নিজের দলের ভেতরে এবং দেশেও। আজ মানুষের গণতান্ত্রিক অধিকার আছে বলেই কথা বলতে পারে। তিনি বলেন, এই যে এতগুলো টেলিভিশন কে দিয়েছে, আওয়ামী লীগ সরকার। গণতন্ত্রের কথা বলে তারা তো দেয় নাই, একটাই টেলিভিশন ছিল, একটাই রেডিও ছিল, তারা নিজেরাই ব্যবহার করতো। নামমাত্র কয়েকটা পত্রিকা ছিল। আর আজ হাজার হাজার পত্রিকা। প্রায় অর্ধশত টেলিভিশন, রেডিও আমাদের হয়ে গেছে। যার যার ইচ্ছামতো টকশো করছে কথা বলে যাচ্ছে। সব কথা বলে যদি বলে যে কথা বলতে পারি না, তাহলে কোথায় যাবো আমরা? তিনি আরও বলেন, ২০০১ সালের ১ অক্টোবরের নির্বাচনের দিন থেকে আওয়ামী লীগের ওপর যে অত্যাচার, যে নির্যাতন করছে, সে কথা মানুষ ভুলবে কী করে। জিয়াউর রহমানের দিন থেকে শুরু করে এ পর্যন্ত নির্যাতনের শিকার, তার আগে আইয়ুব খানের আমল থেকে নির্যাতন। এমনকী লিয়াকত আলীর সময়ও কেউ রেহাই পায়নি। আওয়ামী লীগের জন্মের পর থেকেই বারবার নির্যাতন। আজ দেশে মানুষ যদি কিছু পেয়ে থাকে তাহলে আওয়ামী লীগের হাত থেকেই পেয়েছে। স্বাধীনতা পেয়েছে, গণতন্ত্র পেয়েছে, গণতান্ত্রিক অধিকার পেয়েছে, আজকের বাংলাদেশ বদলে যাওয়া বাংলাদেশ।

শেখ হাসিনা বলেন, বিএনপি যেখানে ডাল-ভাতের ওয়াদা করে ব্যর্থ হয়েছিল, এরপর একজন এসে আলু খেতে বললো, ভাতের পরিবর্তে আলু, আলু উৎপাদন সেভাবে করতে পারেনি। সেখানে আওয়ামী লীগের আমলে অন্তত ভাতের কষ্ট নাই। এটা আমরা বলতে পারি। এখন জিনিসের দাম নিয়ে মানুষ বলছে, মুরগির দাম বাড়লো কেনো, পিঁয়াজের দাম বাড়লো কেনো, চিনির দাম বাড়লো কেনো, তেলের দাম বাড়লো কেনো? একসময় দেশের মানুষ নুন-ভাতের কথায় চিন্তা করতো। সেটুকু জোগাড় করতে পারতো না। সেই অবস্থা আওয়ামী লীগ পরিবর্তন করতে পেরেছে। তিনি আরও বলেন, আজ খাদ্যশস্য, দানাদার শস্য আমরা চারগুণ উৎপাদন বৃদ্ধি করেছি। আজ আমরা ইলিশ মাছের উৎপাদন আড়াইগুণ বৃদ্ধি করেছি, আমাদের গবাদি পশু সেটাও দুইগুণ বৃদ্ধি হয়েছে। মুরগি, পোল্ট্রি চারগুণ বৃদ্ধি পেয়েছে। সাতগুণ বৃদ্ধি পেয়েছে দুধের উৎপাদন। প্রত্যেকটা জিনিসের উৎপাদন আমরা বৃদ্ধি করেছি। মাংসের দাম বেড়ে গেছে, তবে আটগুণ উৎপাদন বৃদ্ধি পেয়েছে বাংলাদেশে।

শেখ হাসিনা বলেন, নির্বাচন ঠেকাবে, ঠেকাতে পারেনি, জনগণ স্বতঃস্ফূর্তভাবে ভোট দিয়েছে। ওদের ভোটের চেহারার কথা তো আমাদের মনে আছে। আমরাও তো সাধারণ মানুষকে ইফতার বিলি করি আর তোমরা ইফতার খাও, তোমরা খেতে জানো, তোমরা হচ্ছো খাই খাই। আর আওয়ামী লীগ দেয়। এটাই হচ্ছে তফাৎ। আমরা জনগণের সঙ্গে কাজ করি, জনগণের সঙ্গে কাজ করবো। আজ জাতির পিতা জন্ম নিয়েছেন বলে বাঙালি জাতি, জাতি হিসেবে মর্যাদা পেয়েছে। তিনি আরও বলেন, আজ ওরা তত্ত্বাবধায়ক সরকার চায়। কোন সাহসে চায়? ২০১৮ সালে নির্বাচনে তো তত্ত্বাবধায়ক সরকার ছিল। তখন খালেদা জিয়াও সুস্থ, তারেক জিয়া মুচলেকা দিয়ে লন্ডনে গিয়ে বিলাসবহুল

জীবনযাপন করছে, এই রমরমা অবস্থায় আসন পেয়েছিল মাত্র ৩০টা। আর আওয়ামী লীগ পেয়েছিল ২৩৩টা। এটা তো মনে রাখা উচিত। তাহলে কীসের আশায় আবার তত্ত্বাবধায়ক চায়।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## আদালতকে জানিয়ে বিদেশ যেতে হবে ড. ইউনূসকে

শ্রম আইন লঙ্ঘনের অভিযোগে করা মামলায় নোবেল জয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ গ্রামীণ টেলিকমের চার শীর্ষ কর্মকর্তার বিরুদ্ধে ৬ মাসে সাজার রায় ও আদেশ স্থগিতের আদেশ অবৈধ বলে বাতিল করেছেন হাইকোর্ট। এর ফলে ড. ইউনূসের ৬ মাসের সাজা চলমান থাকবে। একইসঙ্গে ড. ইউনূসকে বিদেশ যেতে আদালতকে অবহিত করতে হবে। সোমবার (১৮ মার্চ) হাইকোর্টের বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি বিচারপতি কাজী ইবাদত হোসেনের সমন্বয়ে বেঞ্চ এ আদেশ দেন। আদালতে এদিন ইউনূসের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার আবদুল্লাহ আল মামুন। সঙ্গে ছিলেন ব্যারিস্টার খাজা তানভীর আহমেদ। আর কলকারখানা অধিদপ্তরের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মো. খুরশীদ আলম খান। শুনানি চলাকালে ড. মুহাম্মদ ইউনূসের বিচার নিয়ে বিদেশি কূটনীতিকদের বক্তব্য দেওয়ার ক্ষেত্রে সচেতন থাকা উচিত বলে মন্তব্য করেন হাইকোর্ট। এ সময় হাইকোর্ট জানতে চান, কোনো বিদেশি কূটনীতিক যদি বাংলাদেশের অভ্যন্তরীণ বিচার নিয়ে মন্তব্য করেন এ বিষয়ে ব্যবস্থা নেওয়ার উপায় আছে কি না। জবাবে কলকারখানার আইনজীবী অ্যাডভোকেট খুরশীদ আলম খান বলেন, `ভিয়েনা কনভেনশন অনুযায়ী ব্যবস্থা নেওয়া যাবে।,

মো. খুরশীদ আলম খান হাইকোর্টকে আরও বলেন, `ড. ইউনূসের মামলা নিয়ে মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস যে স্টেটমেন্ট দিয়েছেন, তা আদালত অবমাননার শামিল। আমি তাকে আদালতে হাজির করার জন্য বা শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার নির্দেশনা চাচ্ছি না। তবে জেনেভা কনভেনশেন অনুযায়ী সরকার তাদের বিরুদ্ধে পদক্ষেপ নিতে পারে। তারপরও বিষয়টি কোর্টের ওপর ছেড়ে দিলাম।, এ সময় ড. ইউনূসের আইনজীবী ব্যারিস্টার আবদুল্লাহ আল মামুন হাইকোর্টকে বলেন, `বাদীপক্ষের আইনজীবী কোর্টের মাথায় লবণ রেখে বরই খেতে চান। পিটার হাসের বিরুদ্ধে যদি ব্যবস্থা নিতে হয়, তাহলে জতিসংঘ, শান্তিতে নোবেলবিজয়ী ও বিশ্বের বিশিষ্ট নাগরিক যারা ইউনূসের মামলা নিয়ে বক্তব্য বিবৃতি দিয়েছেন, তাদেরও এ মামলায় আনতে হবে। আর এটা করলে কী হবে, তা সবাই জানে। বাদীপক্ষের আইনজীবী কোনো রকম ট্রেনিং ছাড়াই মামলা পরিচালনা করছে, এতে সরকার ও আদালত সবারই ক্ষতি করছে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## গ্রাহকের অর্ধকোটি টাকা নিয়ে পালালেন পোস্টমাস্টার

রাজশাহীতে গ্রাহকের সঞ্চয়পত্রের অর্ধকোটি টাকা তুলে আত্মসাতের অভিযোগ উঠেছে এক পোস্টমাস্টারের বিরুদ্ধে। গত সপ্তাহে বিষয়টি নজরে আসে ডাক বিভাগের। এরপরই বিষয়টি গ্রাহকদের নজরে আনেন তারা। ৩০ জন গ্রাহকের অর্ধকোটি টাকার ওপরে হাতিয়ে নেওয়ার ঘটনায় ওই পোস্টমাস্টারকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তার বিরুদ্ধে থানায় একটি সাধারণ ডায়েরিও (জিডি) করেছে ডাক কর্তৃপক্ষ। রাজশাহীর ডেপুটি পোস্টমাস্টার জেনারেল (তদন্ত) মোহাম্মদ মনিরুজ্জামান এসব তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, পোস্টমাস্টার মুখছেদ আলী কৌশলে গ্রাহকদের সই করিয়ে নিজে টাকা তুলে নিয়েছেন বলে জানা যাচ্ছে।

মোহাম্মদ মনিরুজ্জামান বলেন, `রাজশাহীর তানোর পৌর শহরের কুঠিপাড়ায় উপজেলা কেন্দ্রীয় পোস্ট অফিসের পোস্টমাস্টার মুখছেদ আলীর বিরুদ্ধে বহু গ্রাহকের লাখ লাখ টাকার সঞ্চয়পত্র তুলে নেওয়ার অভিযোগ পাই। তদন্ত কমিটিতে এর প্রমাণ পাওয়া যায়। এরপর মাইকিং করা হয় গ্রামে গ্রামে। এটি জানার পর গ্রাহকরা তাদের কাগজপত্র নিয়ে অফিসে আসছেন। এসব কাগজপত্র পেমেন্ট অবস্থায় পাওয়া যাচ্ছে। বাস্তবে গ্রাহক কোনো টাকা পাননি। আমরা এখন পর্যন্ত প্রায় ৩০ জনের মতো গ্রাহকের অর্ধকোটি টাকার বিষয়ে জানতে পেরেছি।,

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## একজন চিকিৎসক কখনো টাকার মেশিন হতে পারে নাঃ ডা. হরিশংকর দাশ

চিকিৎসা সেবায় অবদান রাখায় স্বাধীনতা পদক-২০২৪ এর জন্য মনোনীত হয়েছেন ময়মনসিংহ নগরীর পারমিতা চক্ষু হাসপাতালের স্বত্বাধিকারী চক্ষু বিশেষজ্ঞ ডা. হরিশংকর দাশ। এ খবরে উচ্ছ্বাস সৃষ্টি হয়েছে চিকিৎসকসহ সাধারণ মহলে। শুক্রবার (১৫ মার্চ) মন্ত্রিপরিষদ বিভাগের এক বিজ্ঞপ্তিতে স্বাধীনতা পদকের জন্য মনোনীত ১০ জনের তালিকা প্রকাশের পর আলোচনায় আসে ডা. হরিশংকর দাশের নাম। রোববার (১৭ মার্চ) নগরীর পারমিতা চক্ষু হাসপাতালে কথা হয় ডা. হরিশংকর দাশের সঙ্গে। এসময় তিনি তুলে ধরেন তার ছাত্রজীবন থেকে কর্মজীবনের আদ্যোপান্ত।

ডা. হরিশংকর দাশ জাগো নিউজকে বলেন, `কর্মজীবনে ৫২ বছর পার করেছি। দীর্ঘ কর্মজীবনের পর আজকের এই মূল্যায়নে আমি অভিভূত ও পুলকিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা। তিনি আমাকে এ মহান পদকে মনোনীত করেছেন। যতদিন বেঁচে থাকবো, মানুষের সেবা করে যেতে চাই।,

তরুণ চিকিৎসকদের উদ্দেশে তিনি বলেন, `আমার এ পদকপ্রাপ্তির মধ্যদিয়ে প্রমাণ হয়েছে সৎ মনে কাজ করলে মূল্যায়ন একদিন হবেই। যারা সৎকাজ করবে, তাদের পুরস্কার আছে এবং থাকবেই। তবে কর্মে থাকতে হবে সেবার মনোভাব। একজন চিকিৎসক কখনো টাকার মেশিন হতে পারে না। তবেই তার জীবন হবে সার্থক।,

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## প্রধানমন্ত্রী মাত্র সাড়ে ৩ ঘণ্টা ঘুমান, বাকি সময় দেশ নিয়ে ভাবেন

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বঙ্গবন্ধুর নাম এ বাংলার মাটি থেকে মুছে ফেলার সাধ্য কারও নেই। উত্তাল সমুদ্রে, অমানিশায় তিনি আমাদের বিশ্বাসের বাতিঘর। এ বাতিঘর চিরদিন আমাদের চলার পথ দেখাবে। বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে যে সোনার বাংলা গড়ার লড়াই চলছে সে লড়াইকে আমরা নিয়ে যাবো বিজয়ের সোনালি বন্দরে। দলীয় নেতাকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, বঙ্গবন্ধুর আদর্শ সততা মানেন না, জীবন থেকে শিক্ষা নেন না- আর আপনি বঙ্গবন্ধুর সৈনিক এ দাবি কেনো করেন? বঙ্গবন্ধুর যোগ্য উত্তরসূরি শেখ হাসিনা। রাত ২টায় ফোন করেও তাকে পাওয়া যায়। এটি অবাক করার মতো বিষয়। তিনি মাত্র তিন থেকে সাড়ে তিন ঘণ্টা ঘুমান। বাকি সময় দেশ নিয়ে ভাবেন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে সোমবার (১৮ মার্চ) আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় এ কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন, এ দেশে বঙ্গবন্ধু পরিবারই সবচেয়ে বড় আদর্শের জায়গা। সততা ও সাহস রাজনীতির প্রধান দুটি গুণ। বঙ্গবন্ধু পরিবারের চরিত্র হননের অপচেষ্টা জিয়াউর রহমান থেকে শুরু করে অনেকেই করে গেছেন। সেতুমন্ত্রী বলেন, স্বাধীনতার লিগ্যাসি ও অর্থনৈতিক মুক্তির লিগাসির মৃত্যু হবে না। প্রধানমন্ত্রীর পুত্র সজীব ওয়াজেদ জয় দেশে নীরবে আসেন, নিঃশব্দে চলে যান। তার নেতৃত্বেই দেশে আইসিটি ক্ষেত্রে ব্যাপক বিপ্লব ঘটেছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## খিলগাঁওয়ে ট্রাকচালকের পায়ে গুলির ঘটনায় অস্ত্রসহ গ্রেফতার ৬

রাজধানীর খিলগাঁওয়ে ট্রাকচালকের পায়ে গুলি করার ঘটনায় অস্ত্রসহ ছয় সন্ত্রাসীকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। গ্রেফতাররা হলেন- রমজান আহম্মেদ নয়ন (৩৪), যুবরাজ (৩৫), মো. ইব্রাহিম হাওলাদার (৩৮), মকবুল হোসেন মুকুল (৪০), সাজ্জাদ হোসেন প্রান্ত (২৭) ও রিফাতুল্লাহ নাঈম (৩৫)। সোমবার (১৮ মার্চ) দুপুরে রাজধানীর মিন্টো রোডে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এসব তথ্য জানান ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) মোহাম্মদ হারুন অর রশীদ। মোহাম্মদ হারুন অর রশীদ বলেন, গত ১০ মার্চ ঘটে যাওয়া এ ঘটনায় খিলগাঁও থানায় একটি মামলা হয়। মামলার পর এ ঘটনার ছায়াতদন্ত শুরু করে ডিবি মতিঝিল বিভাগ। তদন্তের একপর্যায়ে আজ রাজধানীর সবুজবাগ ও বাসাবো এলাকায় অভিযান চালিয়ে জড়িত ছয়জনকে গ্রেফতার করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে ৫টি অস্ত্র, ৬টি ম্যাগজিন ও ৪৯ রাউন্ড গুলি জব্দ করা হয়েছে। তিনি বলেন, গত ১০ মার্চ ভোরে সবুজবাগ থানা বাইকদিয়া এলাকায় কয়েকজন সন্ত্রাসী একটি বালুভর্তি ড্রামট্রাকের গতিরোধ করে ভাঙচুর চালায়। এ সময় সন্ত্রাসীদের মধ্যে একজন পিস্তল বের করলে ট্রাকে অবস্থানরত ট্রাকের মালিক মো. গোলাম ফারুক ও চালক আলম ভয়ে দৌড়ে পালানোর চেষ্টা করেন। এসময় সন্ত্রাসীরা চালক আলমকে ধরে মারধর করতে থাকে এবং একজন তার ডান পায়ে গুলি করে। এ ঘটনায় সবুজবাগ থানায় একটি মামলা রুজু হলে ডিবি খিলগাঁও জোনাল টিম ঘটনাটির ছায়াতদন্ত শুরু করে।

গ্রেফতারদের জিজ্ঞাসাবাদের ভিত্তিতে হারুন অর রশীদ বলেন, সবুজবাগ থানার বাইকদিয়া এলাকার জমি ক্রয়-বিক্রয় ও বালু ভরাট ব্যবসা নিয়ে বিবাদমান দুটি গ্রুপের মধ্যে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ঘটনার সূত্রপাত। গ্রুপ দুটির একটির নেতৃত্বে রয়েছে বাবুল এবং আরেকটির নেতৃত্বে রয়েছে নজরুল। ঘটনার কিছুদিন আগে বাবুল গ্রুপ বাইকদিয়া এলাকায় একটি লোহার গেট ও কিছু সিসি ক্যামেরা স্থাপন করে, যাতে নজরুল গ্রুপ ওই এলাকায় বালু ভরাট করতে না পারে। ডিবির হাতে গ্রেফতাররা হলেন নজরুল গ্রুপের সদস্য।(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## ১১ মাসেও শনাক্ত হয়নি আসামি, চূড়ান্ত প্রতিবেদন দিলো পুলিশ

মেট্রোরেলে ঢিল ছুঁড়ে কাচ ভাঙার ঘটনার পর পেরিয়ে গেছে প্রায় এক বছর। ওই ঘটনায় মামলা হয়েছে, ঘটনার সত্যতাও মিলেছে। তবে প্রকৃত আসামিদের শনাক্ত করতে পারেনি পুলিশ। এমনকী অভিযুক্ত অজ্ঞাতনামা আসামি ভবনের ছাদ থেকে হঠাৎ ঢিল ছুঁড়ে মারায় কেউ আসামি সম্পর্কে কোনো সুনির্দিষ্ট তথ্যও দিতে পারেনি। এরই মধ্যে মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে চূড়ান্ত তদন্ত প্রতিবেদন দাখিল করেছে রাজধানীর কাফরুল থানা পুলিশ। চূড়ান্ত তদন্ত প্রতিবেদনে পুলিশ এসব তথ্য উল্লেখ করেছে। ২০২৩ সালের ৩০ এপ্রিল বেলা সাড়ে ১১টার দিকে রাজধানীর কাজীপাড়া ও শেওড়াপাড়ার মধ্যবর্তী স্থানে মেট্রোরেল লক্ষ্য করে ঢিল ছোঁড়া হয়। ওই ঘটনায় ১ মে মেট্রোরেলের লাইন অপারেশন শাখার সহকারী ব্যবস্থাপক সামিউল কাদের বাদী হয়ে রাজধানীর কাফরুল থানায় একটি মামলা করেন। ঢিল ছোঁড়ায় মেট্রোরেলের প্রায় ১০ লাখ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে মামলার অভিযোগে উল্লেখ করা হয়।

গত ২২ ফেব্রুয়ারি কাফরুল থানার পরিদর্শক (অপারেশন) আব্দুল বাতেন আদালতে মামলার চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন। সোমবার (১৮ মার্চ) ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মঈনুল ইসলাম পুলিশের দেওয়া চূড়ান্ত প্রতিবেদনটি গ্রহণ করেন। চূড়ান্ত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেন, মামলার অভিযোগ অজ্ঞাতনামা আসামির বিরুদ্ধে মেট্রোরেল আইন-২০১৫ এর ৩৫ ও ৪৩ ধারাসহ দণ্ডবিধি ৪২৭ ধারায় অপরাধ প্রাথমিকভাবে সত্য প্রতীয়মান হয়েছে। কিন্তু মামলা হওয়ার পর থেকে বিভিন্ন কলাকৌশলে তদন্ত অনুসন্ধান করি এবং সংঘটিত ঘটনায় ক্ষতিগ্রস্ত মেট্রো ট্রেন রেক-৪-এ স্থাপন করা সিসি ক্যামেরা পর্যবেক্ষণসহ ঘটনাস্থলের আশপাশের বিভিন্ন সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ পর্যবেক্ষণ করে ঘটনার সঙ্গে জড়িত প্রকৃত আসামি শনাক্ত করা সম্ভব হয়নি।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

## আদায় করা অতিরিক্ত সুপারভিশন চার্জ ফেরতের নির্দেশ

ভোক্তা ও সিএমএসএমই খাত ঋণের প্রশাসনিক ব্যয় শিল্পসহ অন্যান্য ঋণের চেয়ে অতিরিক্ত এক শতাংশের বাইরে বাড়তি চার্জ আদায় করেছে ব্যাংকগুলো। এবার ছোট উদ্যোক্তা ও ভোক্তার কাছ থেকে অতিরিক্ত আদায় করা সুপারভিশন চার্জ ফেরত দেওয়ার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। সোমবার (১৮ মার্চ) এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ প্রজ্ঞাপন জারি করেছে। কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনায় বলা হয়েছে, ব্যাংকগুলোকে আগ্রহী করতে সিএমএসএমই এবং ভোক্তা ঋণের আওতাধীন ব্যক্তিগত ও গাড়ি ক্রয় ঋণে সর্বোচ্চ এক শতাংশ সুপারভিশন চার্জ দেওয়ার বিধান রাখা হয়েছে। এ চার্জ বছরে একবার আদায় বা আরোপ করা যাবে। পাশাপাশি বার্ষিক ভিত্তিতে আরোপিত এ সুপারভিশন চার্জের ওপর চক্রবৃদ্ধি হারে কোনো সুদ আরোপ করা যাবে না।
নির্দেশনায় বলা হয়, সাম্প্রতিক সময়ে বিভিন্ন ব্যাংক ভিন্ন ভিন্ন পদ্ধতি নানা কৌশলে গ্রাহক হতে নির্ধারিত চার্জের অধিক পরিমাণ সুপারভিশন চার্জ আদায় করছে। এ পরিস্থিতিতে কোনো ঋণগ্রহীতার কাছ হতে আদায় করা অতিরিক্ত সুপারভিশন চার্জ ফেরত বা সমন্বয় করতে নির্দেশ দেওয়া হয়। মেয়াদি ঋণের সুপারভিশন চার্জ আরোপের ক্ষেত্রে মূল ঋণের গড় স্থিতিকে ভিত্তি হিসেবে গণ্য করে সুপারভিশন চার্জ হিসাবায়ন করতে হবে। চলমান ঋণের ক্ষেত্রে মূল ঋণের দৈনিক গড় স্থিতিকে ভিত্তি হিসেবে গণ্য করে সুপারভিশন চার্জ হিসাবায়ন করতে হবে। সুপারভিশন চার্জের ওপর কোনো জরিমানা বা সুদ আরোপ করা যাবে না। গ্রহীতাদের জন্য সুপারভিশন চার্জ পরিশোধের পদ্ধতি সহজ করার লক্ষ্যে ব্যাংক-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মেয়াদি ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণের পরিশোধসূচির সঙ্গে মিল রেখে মাসিক বা ত্রৈমাসিক বা ষান্মাসিক ভিত্তিতে চার্জ আদায়যোগ্য হবে।
চলমান ঋণে ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আদায়ের সময় প্রাপ্য সুপারভিশন চার্জ আদায় করা যাবে। তলবি ঋণে মেয়াদান্তে পরিশোধের সময় এককালীন আদায় করা যাবে বা উভয়পক্ষের সম্মতিতে মেয়াদের মধ্যে একাধিক কিস্তিতে আদায়যোগ্য হবে। মাসিক বা ত্রৈমাসিক কংবা ষান্মাসিক ভিত্তিতে সুপারভিশন চার্জ আদায় করা হলে, বছরান্তে প্রাপ্ত গড় স্থিতির হিসাবায়নের ভিত্তিতে সুপারভিশন চার্জ সমন্বয় করতে হবে। শরীয়াহ ভিত্তিক পরিচালিত ব্যাংকগুলো তাদের বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৪ নারগীস)

# BBC

## ISRAEL LAUNCHES NIGHT RAID ON GAZA AL-SHIFA HOSPITAL

Israeli forces have launched an overnight raid on al-Shifa Hospital in Gaza, with reports of tanks and heavy gunfire at the facility. An Israel Defence Forces spokesperson said the IDF was carrying out a "high precision operation in limited areas" of the hospital. The IDF said "senior Hamas terrorists have regrouped" inside the hospital and are using it to launch attacks. Eyewitnesses described a state of panic inside the complex in Gaza City. Heavy gunfire could be heard around the hospital in unverified footage posted on social media.
(BBC Web Page: 18/03/24, FARUK)

## FOREIGN STUDENTS ATTACKED IN INDIA OVER RAMADAN PRAYERS

Police in India have arrested five people after some International students were assaulted in a university hostel while offering Ramadan prayers. Officials say a heated argument about the location of the prayers led to the physical attack in Gujarat University in western India on Saturday. Police sources said five students were treated for injuries. India's foreign ministry said that the Gujarat government was taking strict action against the perpetrators.
(BBC Web Page: 18/03/24, FARUK)

## PAKISTAN ACCUSED OF KILLINGS IN AFGHAN AIR STRIKES

The Taliban has accused Pakistan of killing eight women and children in two overnight air strikes in Afghanistan. Zabihullah Mujahid, a spokesperson for the Taliban government, said the reckless strikes had hit homes near the border with Pakistan at about 03:00 local time.

Pakistan has yet to comment. But it comes after President Asif Ali Zardari vowed to respond strongly to the deaths of seven troops killed by unknown militants on Saturday. Saturday's attack on the military post took place close to the Afghan border in north Waziristan. Pakistan says they were launched from Afghanistan - one of a rising number of attacks in recent months, according to its government. (BBC Web Page: 18/03/24, FARUK)

**PUTIN CLAIMS LANDSLIDE AND SCORNS US DEMOCRACY**

Vladimir Putin was always going to claim his fifth term as president with a landslide, faced with three other candidates all rubber-stamped by the Kremlin. But when election officials said results gave him more than 87% of the vote, he said Russia's democracy was more transparent than many in the West. In truth no credible opposition candidate was allowed to stand. Supporters of dead Putin critic Alexei Navalny did stage symbolic protests. Monitoring group OVD-Info said at least 80 Russians were arrested. There was no repeat of the sporadic attacks on some polling stations that happened on Friday.
(BBC Web Page: 18/03/24, FARUK)

**NETANYAHU VOWS TO DEFY ALLIES ON RAFAH INVASION**

Israel's Prime Minister Benjamin Netanyahu has reaffirmed his determination to launch an offensive in Rafah, defying international criticism. The city is crammed with some 1.5 million Palestinians from other parts of Gaza seeking refuge. His comments come as the German chancellor, on a Middle East trip, restated his opposition to the plan. But Mr Netanyahu said "no International pressure will stop Israel" from achieving all of its war aims. He said Israel must be able to continue its war, with the aims of eliminating Hamas, releasing all hostages and ensuring Gaza "no longer poses a threat". (BBC Web Page: 18/03/24, FARUK)

**NIGER'S JUNTA REVOKES MILITARY AGREEMENT WITH US**

Niger's junta has ended a military agreement that allowed US personnel to be deployed in the country. Saturday's announcement came in the week that a delegation from Washington had been in Niamey for talks with the country's military leadership. The US used its base in Niger to monitor regional jihadist activity. This latest announcement by the junta, in power since last July, comes as it moves closer to Russia and after French troops were kicked out in December. He also alleged that the US delegation had accused Niger of making a secret deal to supply uranium to Iran. Col Abdramane described the accusation as "cynical" and "reminiscent of the second Iraq war". (BBC Web Page: 18/03/24, FARUK)

**STARVATION USED AS WEAPON OF WAR IN GAZA: EU CHIEF**

EU's foreign policy chief Josep Borrell has been speaking about the need for humanitarian aid in Gaza. Borrell says Israel is provoking famine in Gaza and using starvation as a weapon of war. "In Gaza we are no longer on the bring of famine, we are in a state of famine, affecting thousands of people," Borrell tells a conference in Brussels. This is unacceptable. Starvation is used as a weapon of war. Israel is provoking famine.
(BBC Web Page: 18/03/24, FARUK)

**HAMAS CONDEMNS ISRAEL'S NEW CRIME AT AL-SHIFA HOSPITAL**

Hamas has condemned what it calls a "new crime" and an "aggression" by Israel on the al-Shifa hospital in Gaza. In a statement posted on its Telegram channel today, Hamas says Israel "directly targeted" the hospital buildings with no regard for the patients, medical crews and the displaced people inside. The Israeli army says it has arrested more than 80 people, including Hamas militants, during the overnight raid. The army raided the hospital after it said it received intelligence that Hamas militants had regrouped and set up a command centre there. (BBC Web Page: 18/03/24, FARUK)

**OXFAM ACCUSES ISRAEL OF CHAOTIC CHECKS ON AID**

Humanitarian charity Oxfam says Israeli authorities conducting checks on aid before it is allowed into Gaza have rejected a warehouse of supplies that included oxygen, incubators and water. In a statement, Oxfam says the reasons for the rejection were not clear, and labelled Israel's checks an unpredictable and chaotic regime that keeps aid snarled up, subjected to onerous, repetitive and unpredictable bureaucratic procedures. Meanwhile, the head of the UN's Palestinian refugee agency, Philippe Lazzarini, says the hunger in the Gaza Strip was man-made and could be reversed through "proper political will".
(BBC Web Page: 18/03/24, FARUK)

**:: THE END ::**